# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Falgun 26, 1430 Bangla, March 10, 2024, Sunday, No. 70, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina in a regular meeting of Bangabandhu Sheikh Mujibur Rahman Memorial Trust directs authorities concerned to expedite activities of ongoing projects to complete those quickly. (Jago FM: 12)

Finance Minister alleges opposition parties, including BNP, are lying about inward remittance of country. Adds, volume of remittances sent by expatriates to country is increasing every month. (Jago FM: 13)

Rejecting EU's statement regarding last national poll in BD, Home Minister says, poll campaign had been fair. BNP is misleading foreigners by spreading propaganda, adds, none was wrongfully arrested. (VOA: 05)

Deputy Speaker Shamsul Haque Tuku says, now there are 50 reserved seats for women in the Parliament, the number will gradually be increased in the future. (Jago FM: 15)

CEC says, voting has been completed in 231 elections across the country. Some unpleasant incidents occurred. 53 people have been arrested. Shootings took place outside the polling center in Comilla. (Jago FM: 14)

BNP leader Mirza Abbas says, govt. remained in power to make people suffer - urges leaders & activists to continue movement with firm confidence, saying one day govt. has to leave. (R. Today: 10)

BSF DG Nitin Agrawal says, various initiatives have been taken to reduce border killings to zero. No lethal weapons are being used on BD border. (R. Tehran: 08)

Former president of DRU says no water of Teesta River is given to BD. India releases all flood waters during monsoons. As a result, a terrible flood situation occurs in Teesta basin of BD every year. (R. Tehran: 07)

Nakla upazila UNO of Sherpur allegedly sent a journalist to jail for 6 months by setting up a mobile court for applying for information on various projects of the upazila. (DW: 09)

Gwyn Lewis, UN Resident Coordinator in BD says, although women have advanced in many areas, they are still lagging behind in BD. UN is working for development of women all over world including BD. (VOA: 05)

According to report of Bangladesh Bank, among 146 countries of World Economic Forum, BD was ranked 71st in 2022 in terms of gender inequality & in 2023, the position of BD has become 59th. (VOA: 06)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**ফাল্গুন ২৬, বাংলা ১৪৩০, মার্চ ১০, ২০২৪, রবিবার, নং- ৭০, ৫৪তম বছর**

# শিরোনাম

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের নিয়মিত বৈঠকে প্রধানমন্ত্রী ও ট্রাস্টের চেয়ারপারসন শেখ হাসিনা চলমান প্রকল্পগুলোর কার্যক্রম দ্রুত শেষ করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন। (জাগো এফএম: ১২)

রেমিট্যান্স নিয়ে বিএনপিসহ বিরোধীরা মিথ্যাচার করছেন বলে অভিযোগ করেছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। তিনি বলেন, 'প্রবাসীরা দেশে যে পরিমাণ রেমিট্যান্স পাঠান সেটা প্রতি মাসে বাড়ছে। (জাগো এফএম: ১৩)

বাংলাদেশের জাতীয় নির্বাচন নিয়ে ইইউ'র বিবৃতি প্রত্যাখ্যান করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান। তিনি বলেছেন, নির্বাচনী প্রচার সুষ্ঠু হয়েছে। বিএনপি নানাভাবে অপপ্রচার চালিয়ে বিদেশিদের বিভ্রান্ত করছে। অন্যায়ভাবে কাউকে গ্রেফতার করা হয়নি বলে উল্লেখ করেন তিনি। (ভোয়া: ০৫)

প্রধান নির্বাচন কমিশনার বলেন, ২৩১টি নির্বাচনে ভোট গ্রহণ সম্পন্ন হয়েছে। কিছু কিছু জায়গায় দুই-চারটি অপ্রীতিকর ঘটনা ঘটেছে। ১৮টি ঘটনায় ৫৩ জনকে গ্রেফতার করা হয়েছে। কুমিল্লায় কেন্দ্রের বাইরে গোলাগুলি হয়েছে। (জাগো এফএম: ১৫)

জাতীয় সংসদের ডেপুটি স্পিকার শামসুল হক টুকু বলেছেন, এখন সংসদে ৫০টি সংরক্ষিত নারী আসন রয়েছে, যার সংখ্যা ভবিষ্যতে ধীরে ধীরে বৃদ্ধি পাবে। (জাগো এফএম: ১৪)

বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস বলেছেন, জনগণকে কষ্ট দিতে ক্ষমতায় টিকে আছে সরকার। মনোবল অটুট রেখে আন্দোলন চালিয়ে নিতে নেতাকর্মীদের আহ্বান জানিয়ে তিনি বলেন, জনগণের আন্দোলনে একদিন সরকারকে বিদায় নিতেই হবে। (রে. টুডে : ১০)

ভারতের বর্ডার সিকিউরিটি ফোর্সের মহাপরিচালক বলেছেন, সীমান্ত হত্যা শূন্যে নামিয়ে আনতে নানা উদ্যোগ নেওয়া হয়েছে। বাংলাদেশ সীমান্তে প্রাণঘাতি অস্ত্র ব্যবহার করা হচ্ছে না। (রে. তেহরান: ০৮)

ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাবেক সভাপতি মনে করেন, তিস্তা নদীর কোন পানি বাংলাদেশকে দেয়া হয় না। বর্ষাকালে ভারত বন্যার পুরো পানি ছেড়ে দেয়। ফলে প্রতি বছর বাংলাদেশের তিস্তা অববাহিকায় ভয়াবহ বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়। (রে. তেহরান: ০৭)

উপজেলার বিভিন্ন প্রকল্পের তথ্য চেয়ে আবেদন করার জেরে এক সাংবাদিককে মোবাইল কোর্ট বসিয়ে ছয় মাসের কারাদন্ড দিয়ে জেলে পাঠানোর অভিযোগ পাওয়া গেছে শেরপুর জেলার নকলা উপজেলার নির্বাহী কর্মকর্তার বিরুদ্ধে। (ডয়চে ভেলে: ০৯)

জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী গোয়েন লুইস বলেন, "অনেক ক্ষেত্রে নারী এগিয়ে গেলেও, বাংলাদেশে এখনো তারা পিছিয়ে আছেন। জাতিসংঘ বাংলাদেশসহ সারা বিশ্বে নারীর উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছে।„ (ভোয়া: ০৫)

বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদনে দেখা যায়, ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের বিশ্বের ১৪৬টি দেশের মধ্যে, লিঙ্গ বৈষম্য বিবেচনায় ২০২২ সালে বাংলাদেশর অবস্থান ছিলো ৭১তম। আর, ২০২৩ সালে বাংলাদেশের অবস্থান হয়েছে ৫৯তম। (ভোয়া: ০৬)

# বিবিসি

## জাতীয় নির্বাচনকে বিশ্বাসযোগ্য করতে ব্যর্থ হয়েছে নির্বাচন কমিশন: ইইউ

বাংলাদেশের সাতই জানুয়ারির সংসদ নির্বাচন আন্তর্জাতিক গণতান্ত্রিক মানদণ্ড পূরণে ব্যর্থ হয়েছে বলে মনে করে ইউরোপীয় ইউনিয়ন। তারা মনে করছে, এই নির্বাচনকে বিশ্বাসযোগ্য করতে ব্যর্থ হয়েছে নির্বাচন কমিশন। সদ্য সমাপ্ত বাংলাদেশের দ্বাদশ জাতীয় নির্বাচন নিয়ে প্রকাশিত প্রতিবেদনে এসব তথ্য তুলে ধরেছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। ইউরোপীয় কমিশনের ওয়েবসাইটে ৩৩ পৃষ্ঠার পূর্ণাঙ্গ এই প্রতিবেদনে বলা হয়, বাংলাদেশের প্রধান বিরোধী দল বিএনপি নির্বাচন বর্জন করায় ভোটাররা পুরোপুরিভাবে গণতান্ত্রিক অধিকার চর্চার সুযোগ পাননি। প্রতিবেদনে বলা হয়, ক্ষমতাসীন দল আওয়ামী লীগ নিজেদের প্রার্থী ও তাদের দলের স্বতন্ত্র প্রার্থীদের মধ্যে প্রতিযোগিতার কারণে ভোটারদের সত্যিকার অর্থে পছন্দের প্রার্থী বেছে নেয়ার সুযোগ ছিলও না। এছাড়া ভোটের দিন বিভিন্ন জায়গায় ব্যালট বাক্স ভর্তি ও জালিয়াতির চেষ্টা হয়েছে বলেও প্রতিবেদনে উল্লেখ করা হয়। তবে, ইউরোপীয় ইউনিয়নের এই প্রতিবেদনকে খুব একটা আমলে নিচ্ছে না নির্বাচন কমিশন। তারা বলছে, নির্বাচন সুষ্ঠু ও গ্রহণযোগ্য করতে সাধ্যমতো চেষ্টা করেছে নির্বাচন কমিশন। নির্বাচন কমিশনার মোঃ আনিছুর রহমান শনিবার বিবিসি বাংলাকে বলেন, ”কে কী বলল আর না তাতে নির্বাচন কমিশনের কিছু আসে-যায় না। ইইউ তাদের কথা বলেছে। তারা তাদের কথা নিয়ে থাকুক; অসুবিধা নাই। আমরা আমাদের কথা বলেছি আগেও। আমরা আমাদের যথাসাধ্য চেষ্টা করছি।„

গত বছরের জুলাই মাসে বাংলাদেশের নির্বাচনের সার্বিক পরিবেশ বিষয়ে জানতে প্রাক-নির্বাচনি মিশন পাঠায় ইউরোপীয় ইউনিয়ন। তারা বাংলাদেশে ২০ দিন অবস্থান করে রাজনৈতিক দল, নির্বাচন কমিশন, সাংবাদিক, সুশীল সমাজ-সহ বিভিন্ন পক্ষের সাথে শতাধিক বৈঠক করে। ঐ বৈঠকের কয়েকদিন পর তারা নির্বাচন কমিশনকে চিঠি দিয়ে জানায় বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন পর্যবেক্ষণ করবে না ইউরোপীয় ইউনিয়ন। তবে সার্বিকভাবে নির্বাচন মূল্যায়ন করতে তাদের একটি কারিগরি দল পাঠায় বাংলাদেশে। গত সাতই জানুয়ারির নির্বাচনের আগে ঐ কারিগরি দল বাংলাদেশে আসে। দুই মাস অবস্থান করে শুক্রবার রাতে ইউরোপীয় কমিশনের ওয়েবসাইটে পূর্ণাঙ্গ এই প্রতিবেদন প্রকাশ করে। ইউরোপীয় ইউনিয়নের এ প্রতিবেদন প্রত্যাখ্যান করেছে ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকার। তারা বিষয়টিকে বিরোধী জোট বিএনপির ষড়যন্ত্র হিসেবে দেখছে। সকালে ঢাকায় একটি অনুষ্ঠানে যোগ দিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান বলেন, ”বিএনপি মিথ্যা তথ্য দিয়ে আন্তর্জাতিক সংস্থাগুলোকে বিভ্রান্ত করছে।'' ইউরোপীয় ইউনিয়নের ঐ প্রতিবেদনে নির্বাচনের পাঁচটি বিষয়ে বিশেষ নজর দিয়েছে। সেই সাথে তুলে ধরেছে ২১ দফা সুপারিশ। প্রতিবেদনের শুরুতেই বলা হয়, ২০২৪ সালের বাংলাদেশের জাতীয় সংসদ নির্বাচন কিছু গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক মানদণ্ড পূরণ করতে পারেনি। এই নির্বাচনে নাগরিক ও রাজনৈতিক অধিকার- যার মধ্যে সমাবেশ, সমিতি, আন্দোলন এবং বক্তৃতার মতো বিষয়গুলো প্রতিযোগিতামূলক নির্বাচনের জন্য অপরিহার্য হলেও বাংলাদেশের সাতই জানুয়ারির নির্বাচনের ক্ষেত্রে তা ছিলও অনেকটাই সীমাবদ্ধ। ২৭ দেশের সমন্বয়ে গঠিত এই সংস্থাটি তাদের প্রতিবেদনে বলছে, বিচারিক কার্যক্রম এবং গণ-গ্রেপ্তারের মাধ্যমে বিরোধী রাজনৈতিক দলগুলোর তৎপরতা মারাত্মকভাবে সীমিত হয়ে পড়ে। রাজনৈতিক দলগুলোর আসন ভাগাভাগি চুক্তি এবং আওয়ামী লীগের নিজস্ব প্রার্থী ও দলের সঙ্গে যুক্ত `স্বতন্ত্র প্রার্থীদের, মধ্যে প্রতিযোগিতা ভোটারদের স্বাধীনতাকে স্বীকৃতি দেয়নি। নির্বাচনের সময় এবং আগে-পরে গণমাধ্যম এবং সুশীল সমাজও বাক স্বাধীনতা নিশ্চিত করতে সহায়ক ছিল না বলেও উল্লেখ করা হয় বিস্তারিত এই প্রতিবেদনে। প্রতিবেদনে বলা হয়, বাংলাদেশের এই নির্বাচনের মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আওয়ামী লীগ টানা চতুর্থবারের মতো ক্ষমতায় আসতে চেয়েছিল। ফলে এই নির্বাচন একটি অত্যন্ত মেরুকৃত রাজনৈতিক পরিবেশে অনুষ্ঠিত হয়েছে।

২০২৩ সালের ২৮শে অক্টোবরের বিএনপি কর্মসূচি ঘিরে সহিংসতা ও পরবর্তীতে বিএনপি নেতাকর্মীদের গ্রেফতারের বিষয়গুলো উঠে আসে এই প্রতিবেদনে। এতে বলা হয়, বিরোধীরা সরকারের পদত্যাগ ও নির্বাচন পরিচালনায় তত্ত্বাবধায়ক সরকারের দাবিতে আন্দোলন করলেও তা প্রত্যাখ্যান করে ক্ষমতাসীনরা। ২৮শে অক্টোবরের পর গণ-গ্রেফতারের ঘটনায় দেশের নাগরিক ও রাজনৈতিক পরিবেশের উল্লেখযোগ্য অবনতি ঘটে বলেও উল্লেখ করা হয়েছে প্রতিবেদনে। বিএনপির সিনিয়র নেতাদের গ্রেফতারে ও নির্বাচনি প্রক্রিয়ায় যে-কোনও প্রতিদ্বন্দ্বিতা ঠেকাতে ফৌজদারি অভিযোগ গঠন ব্যাপকভাবে একটি কৌশলের অংশ হিসেবে ব্যবহার হয়েছে বলে মনে করে সংস্থাটি। প্রতিবেদনে বলা হয় নির্বাচনের পুরো সময়ে বিরোধী দলগুলোর সমাবেশ, সমিতি, আন্দোলন এবং বক্তৃতার স্বাধীনতা কঠোরভাবে সীমিত করা হয়। গ্রেপ্তার এড়িয়ে যে-কোনও রাজনৈতিক কর্মকাণ্ড পরিচালনা করা বিএনপির পক্ষে অসম্ভব ছিল। প্রতিবেদনে বলা হয়েছে, বিরোধীপক্ষ বাংলাদেশে জাতীয়তাবাদী দল বিএনপি ও শরিক জোট নির্বাচন বয়কট করায় এই নির্বাচনে প্রকৃত প্রতিযোগিতার অভাব ছিল। সেই সাথে একদিকে যেমন নাগরিক ও রাজনৈতিক অধিকার ছিলও না, অন্যদিকে আন্দোলন করার অবাধ সুযোগও সীমিত করা ছিলও বলে প্রতিবেদনে তুলে ধরা হয়। আওয়ামী লীগ ও নিজ

দলের স্বতন্ত্র প্রার্থীদের মধ্যে ভোটের বিষয়টিও উঠে আসে এই প্রতিবেদনে; যেখানে বলা হয়, রাজনৈতিক দলগুলোর আসন ভাগাভাগি চুক্তি এবং আওয়ামী লীগের নিজস্ব প্রার্থী ও দলের সঙ্গে যুক্ত `স্বতন্ত্র প্রার্থীদের, মধ্যে প্রতিযোগিতার কারণে ভোটারদের পছন্দ মতো প্রার্থীকে ভোট দেওয়ার সুযোগ ছিলও না। প্রতিযোগিতার কিছু পরিসংখ্যান তুলে ধরে বলা হয়, এই নির্বাচনে ২৯৯ আসনের বিপরীতে ১ হাজার ৯৭০ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করলেও ৭৪ শতাংশ প্রার্থী ন্যূনতম ভোট না পাওয়ায় জামানত হারিয়েছেন। আর মাত্র ১১ শতাংশ আসনে প্রতিযোগিতা দেখা গেছে।

নির্বাচন পর্যবেক্ষণ নিয়েও প্রশ্ন তোলা হয়েছে এই রিপোর্টে। ইইউ বলছে, নির্বাচনে কোনও স্বাধীন আন্তর্জাতিক নির্বাচনি পর্যবেক্ষক পর্যবেক্ষণে আসেনি। কমনওয়েলথ এবং যুক্তরাষ্ট্রের আইআরআই ও এনডিআই একটি যৌথ মিশন ছোট বিশেষজ্ঞ দল পাঠিয়েছে। তবে ইসি সব খরচ দিয়ে কিছু একক বিদেশি পর্যবেক্ষককে আমন্ত্রণ জানিয়েছেন, যা নির্বাচনি পর্যবেক্ষণের আন্তর্জাতিক যে নীতিমালা রয়েছে, তার সঙ্গে সংগতিপূর্ণ নয়। আওয়ামী লীগই ছিল একমাত্র রাজনৈতিক দল, যে বৃহৎ প্রচার মিছিল-সহ যে-কোনো উল্লেখযোগ্য জনসাধারণের কার্যক্রম সংগঠিত করতে পেরেছে। নির্বাচনে প্রচারণার সময় ভোটারদের ভয়ভীতি দেখিয়েছেন আওয়ামী লীগের প্রার্থীরা। নির্বাচনের দিনের বিভিন্ন অনিয়ম, সহিংসতা ও আইন বহির্ভূত আচরণের বিষয়গুলো উঠে এসেছে আন্তর্জাতিক এই সংস্থাটির প্রতিবেদনে। ইউরোপীয় ইউনিয়ন বলছে, ভোটারদের ভোটকেন্দ্রে আনতে সরকার বিভিন্ন ধরনের কৌশল নিয়েছিল। কেন্দ্রে না আসলে বিভিন্ন সুযোগ-সুবিধা বন্ধ করে দেওয়ার সরকারি দলের নেতাকর্মীদের দেয়া হুমকির বিষয়গুলো প্রতিবেদনে তুলে ধরা হয়। এ ছাড়া ভোটারদের কেন্দ্রে আনতে পরিবহণ ব্যবস্থা রাখা হয়েছিল, কেন্দ্রে লম্বা লাইন দেখানোর মতো বিষয়গুলোও বাদ যায়নি পূর্ণাঙ্গ এই প্রতিবেদনে। বলা হয়, ভোটকেন্দ্রের বাইরে আওয়ামী লীগের কর্মীদের উপস্থিতির কারণে ভোটারদের জন্য নির্বাচনের পরিবেশ ছিল ভয়ের। এতে বলা হয়, এবারের সংসদে সংখ্যালঘুদের সংখ্যা আগের চেয়ে কমেছে। আগের সংসদে এ সংখ্যা ১৮ থাকলেও, এবার ১৪ তে নেমে এসেছে।

ইইউ বলছে, নির্বাচনের দিন ব্যালট বাক্স ভর্তি এবং জালিয়াতির প্রচেষ্টা-সহ নির্বাচন কমিশনে প্রার্থীরা ভোটে অনিয়মের অভিযোগ করেছেন। এর মধ্যে তাৎক্ষণিকভাবে কয়েকটি অভিযোগের সুরাহা করা হয়। ভোট বন্ধ করা হয় ২৫টি কেন্দ্রে। তবে অন্যান্য ঘটনার যথেষ্ট তদন্ত করা হয়নি বলে উল্লেখ করা হয় প্রতিবেদনে। নির্বাচনের দিন সহিংসতার বিচ্ছিন্ন ঘটনার কথা বলেছে ইইউ। এছাড়া ব্যালট বাক্স ভর্তি এবং জালিয়াতির প্রচেষ্টা-সহ নির্বাচন কমিশনে স্থানীয় প্রার্থীরা ভোটে অনিয়মের অভিযোগ করেছেন বলেও প্রতিবেদনে উঠে আসে। চূড়ান্ত আনুষ্ঠানিক ফলাফল অনুযায়ী, আওয়ামী লীগের অফিসিয়াল প্রার্থীরা ২২৩টি আসন, স্বতন্ত্র প্রার্থীরা ৬২টি, জাতীয় পার্টি পায় ১১টি আসন। আসন ভাগাভাগির চুক্তিতে আরও দুটি দল একটি করে আসন পেয়েছে। চূড়ান্ত আসনটি কল্যাণ পার্টি জিতেছে। ইইউ কারিগরি দল বলছে, আইন অনুযায়ী নির্বাচন কমিশনের হাতে ক্ষমতা থাকলেও নির্বাচনকে বিশ্বাসযোগ্য করতে ব্যর্থ হয়েছে বাংলাদেশের নির্বাচন কমিশন। প্রতিবেদনে গুরুত্ব দেয়া হয় নির্বাচনের ভোটার উপস্থিতির হার নিয়ে নির্বাচন কমিশনের বক্তব্যকে। ইউরোপীয় ইউনিয়ন তাদের প্রতিবেদনে উল্লেখ করে, নির্বাচন কমিশন কর্তৃক প্রকাশিত চূড়ান্ত ভোটের হার ছিল ৪১.৮ শতাংশ। তবে ইইউ মনে করে ভোটের এই হার সারা দেশে ব্যাপক বৈষম্যের চিত্র প্রদর্শন করে। বিভিন্ন স্টেকহোল্ডারদের বক্তব্যের বরাত দিয়ে, ইইউ এই প্রতিবেদনে জানায়, ভোটদান এবং গণনা প্রক্রিয়ার সময় কমিশনের স্বাধীন মর্যাদা সম্পূর্ণরূপে নিশ্চিত করা হয়নি। তবে, ভোটার তালিকা প্রণয়ন ও নিবন্ধন প্রক্রিয়া নিয়ে সন্তোষ প্রকাশ করে ইউরোপীয় ইউনিয়ন। তবে এতে বলা হয়েছে, ২০২৩ সালে ১৮ বছর বয়সে পৌঁছেছেন এমন ব্যক্তিদের ভোটাধিকার থেকে বঞ্চিত করা হয়েছে। তবে ইইউ মনে করে, নির্বাচনে দাঁড়াতে অযথাই প্রার্থীদের অধিকারকে সীমিত করেছে নির্বাচন কমিশন। নির্বাচনের সার্বিক বিষয় মূল্যায়নের পাশাপাশি প্রকাশিত প্রতিবেদনে ইইউ কারিগরি মিশন সুষ্ঠু, অবাধ, গ্রহণযোগ্য ও আন্তর্জাতিক মানের নির্বাচনের জন্য মোট ২১টি পরামর্শ দিয়েছে। যেখানে আছে নির্বাচন কমিশনারদের নিয়োগ আরও স্বচ্ছ ও স্বাধীন করার বিষয়ও।

যেখানে বলা হয়, নির্বাচন পরিচালনা আইন বা গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ সহ সংসদীয় সম্পর্কিত সমস্ত আইন এবং বিধিগুলোর একটি ব্যাপক পর্যালোচনা আন্তর্জাতিক মানের সঙ্গে সামঞ্জস্য রেখে গণতান্ত্রিক নির্বাচনের আইনি নিশ্চয়তা বাড়াতে পারে। এছাড়া, বাংলাদেশের নির্বাচন কমিশনার বোর্ড নিয়োগের ব্যবস্থা যোগ্যতা ভিত্তিক ও স্বাধীন নিয়োগের মাধ্যমে হওয়া উচিত বলেও মনে করে তারা। এছাড়া বাক স্বাধীনতার আন্তর্জাতিক মানদণ্ডের বিধান মেনে সাইবার সিকিউরিটি অ্যাক্ট, ২০২৩-এর বিধানগুলির পর্যালোচনা করার সুপারিশ জানানো হয় প্রতিবেদনে। অস্পষ্ট এবং অসামঞ্জস্যপূর্ণ বিধিনিষেধগুলি সরানো উচিত বলে মনে করে ইইউ। সুপারিশের সুশীল সমাজের কাজের পরিবেশ নিশ্চিতে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার পরামর্শ তুলে ধরা হয় প্রতিবেদনে। ভোট ও গণনার স্বচ্ছতা নিশ্চিত করার জন্য জন্য ভোট কেন্দ্রের আশেপাশে রাজনৈতিক দলের কার্যক্রমের উপর সম্পূর্ণ নিষেধাজ্ঞারও সুপারিশ করা হয় প্রতিবেদনে। ইউরোপীয় ইউনিয়নের এ প্রতিবেদনের বিষয়ে নির্বাচন কমিশনার মো. আনিছুর রহমান বিবিসি বাংলাকে বলেন, ”পূর্ণাঙ্গ প্রতিবেদন এখনো দেখিনি। আমরা সুষ্ঠুভাবে নির্বাচন করেছি। নির্বাচনে কে আসলো না আসলো সেটা আমাদের বিষয় ছিলও না। কমিশন মনে করলে এ নিয়ে তাদের আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানাতে পারে।„ আর স্বরাষ্ট্রমন্ত্রী

আসাদুজ্জামান খান বলেন, ”ক্রমাগতভাবে বিএনপি মিথ্যা তথ্য প্রচার করছে। তারা কে কী বলছে সেটি আমাদের দেখার বিষয় না। আমরা স্পষ্ট করে বলতে পারি, তারা যে সব বলছে সে সব দেশে ঘটেনি।„
(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৩.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### বাংলাদেশের জাতীয় নির্বাচন নিয়ে ইইউ'র বিবৃতি প্রত্যাখ্যান করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান

বাংলাদেশের জাতীয় নির্বাচন নিয়ে ইইউ'র বিবৃতি প্রত্যাখ্যান করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান। তিনি বলেছেন, ”নির্বাচনি প্রচার সুষ্ঠু হয়েছে। তারা যা বলেছেন বাংলাদেশে তা ঘটেনি। „ শনিবার (৯ই মার্চ) রাজধানী ঢাকায়, পুলিশ মেমোরিয়াল ডে উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান বলেন, বিএনপি নানাভাবে অপপ্রচার চালিয়ে বিদেশিদের বিভ্রান্ত করছে। অন্যায়ভাবে কাউকে গ্রেপ্তার করা হয়নি বলে উল্লেখ করেন তিনি। বলেন, ”কে কী বললেন, সেটা আমাদের বিষয় নয়।„ এক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ”বিএনপি প্রতিনিয়ত মিথ্যা তথ্য প্রচার করছে।„ তিনি আরো বলেন, ”আন্তর্জাতিক সংস্থাগুলো কীভাবে বিভ্রান্ত হচ্ছে, সেটা আমাদের বিষয় নয়। আমরা স্পষ্ট করে বলতে পারি, তারা যা বলেছেন বাংলাদেশে তা ঘটেনি।„ ”দু-একটি বাদে সব দেশই আমাদের প্রশংসা করেছে। তারা মনে করেন, দেশে সুষ্ঠু নির্বাচন প্রক্রিয়ার মাধ্যমে নতুন সরকার গঠিত হয়েছে;„ আসাদুজ্জামান খান যোগ করেন। বাংলাদেশের নির্বাচন নিয়ে ইউরোপীয় ইউনিয়ন ইলেকশন এক্সপার্ট মিশন একটি প্রতিবেদন তৈরি করে এবং ২০২৪ সালের ৭ই জানুয়ারির জাতীয় সংসদ নির্বাচন নিয়ে মিশনের ফলাফল উপস্থাপন করে। প্রতিবেদনের সারসংক্ষেপে বলা হয়েছে, ”বাংলাদেশের ২০২৪ সালের জাতীয় সংসদ নির্বাচন সামগ্রিকভাবে গণতান্ত্রিক নির্বাচনের জন্য কিছু মৌলিক আন্তর্জাতিক মানদণ্ড পূরণ করেনি। অন্তর্ভুক্তিমূলক ও প্রতিযোগিতামূলক নির্বাচনের জন্য অপরিহার্য বিষয় সমাবেশ, সংগঠন, আন্দোলন এবং বক্তব্যের স্বাধীনতা-সহ নাগরিক ও রাজনৈতিক অধিকারগুলো সীমাবদ্ধ ছিল। এছাড়া, বিচারিক কার্যক্রম ও গণগ্রেপ্তারের মাধ্যমে বিরোধী রাজনৈতিক দলগুলোর তৎপরতা মারাত্মকভাবে সীমিত ছিল।„ উল্লেখ্য, ৭ই জানুয়ারী ২০২৪-এ অনুষ্ঠিত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ৩০০ আসনের ২২৩ টিতে জিতে, দুই তৃতীয়াংশের ওপর সংখ্যাগরিষ্ঠতা নিয়ে টানা চতুর্থবার সরকার গঠন করেছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ। নির্বাচনে অংশ নেয় ২৮ টি দল। এর মধ্যে, ২৪ টি দল থেকে একজনও জয়লাভ করেনি। আর, হেরে যাওয়া প্রার্থীদের মধ্যে একজন ছাড়া বাকি সবাই জামানত হারিয়েছেন। এ নির্বাচনে জাতীয় পার্টির ১১ ও জাসদ, ওয়ার্কার্স পার্টি ও কল্যাণ পার্টি থেকে জিতেছেন ১ জন করে। এদের মধ্যে, জাতীয় পার্টির ১১ জনই জয়ী হয়েছেন আওয়ামী লীগের সমর্থন নিয়ে, যেসব জায়গা থেকে আওয়ামী লীগ তাদের প্রার্থী প্রত্যাহার করে নিয়েছিল, সেসব নির্বাচনি এলাকায়। জাসদ ও ওয়ার্কার্স পার্টির প্রার্থীরা জয়ী হয়েছেন নৌকা নিয়ে লড়ে, আর কল্যাণ পার্টিও তার আসনটি জিতেছে আওয়ামী লীগের সমর্থন নিয়ে। বিজয়ী ৬২ জন স্বতন্ত্র প্রার্থীর মধ্যে ৫৮ জনই আওয়ামী লীগের নেতা। (ভোয়া ওয়েব পেজ : ০৯.০৩.২০২৪ এলিনা)

### অনেক ক্ষেত্রে নারী এগিয়ে গেলেও, বাংলাদেশে তারা পিছিয়ে আছেন : গোয়েন লুইস

নারীর অংশগ্রহণ ছাড়া সুষম জাতীয় উন্নয়ন কোনোভাবেই সম্ভব নয়; শনিবার (৯ই মার্চ) বাংলাদেশের রাজধানী ঢাকায়, জাতীয় প্রেস ক্লাব আয়োজিত আন্তর্জাতিক নারী দিবসের আলোচনায় এই অভিমত দেন বক্তারা। জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জনের জন্য, নারীকে মূলধারায় আরো বেশি করে সম্পৃক্ত করতে, বাজেটে বরাদ্দ বাড়ানো প্রয়োজন বলেও মত দিয়েছেন তারা। আলোচনায় জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী গোয়েন লুইস বলেন, ”অনেক ক্ষেত্রে নারী এগিয়ে গেলেও, বাংলাদেশে এখনো তারা পিছিয়ে আছেন। জাতিসংঘ বাংলাদেশ-সহ সারা বিশ্বে নারীর উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছে।„ এ ধারা অব্যাহত রাখার বিষয়ে জাতিসংঘের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন গোয়েন লুইস। জাতীয় প্রেস ক্লাবের সেমিনার, মিট দ্য প্রেস ও আন্তর্জাতিক লিয়াজোঁ উপকমিটির আহ্বায়ক ও এপি,র ব্যুরো প্রধান জুলহাস আলম অনুষ্ঠান সঞ্চালনা করেন। স্বাগত বক্তব্য দেন জাতীয় প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক শ্যামল দত্ত। এর আগে, `আনন্দলোকে মঙ্গলালোকে বিরাজ সত্য সুন্দর, রবীন্দ্র সংগীতের সঙ্গে ক্লাবের সদস্য ও অতিথিরা প্রদীপ প্রজ্বলন করেন এবং অনুষ্ঠানের সূচনা করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় প্রেস ক্লাবের সভাপতি ফরিদা ইয়াসমিন। প্রধান অতিথি ছিলেন, জাতীয় সংসদের ডেপুটি স্পিকার শামসুল হক টুকু। ডেপুটি স্পিকার বলেন, বাংলাদেশের সংবিধানে নারীর অধিকারকে স্বীকৃতি দেয়া হয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালে যে সংবিধান প্রণয়ন করেন, তাতে নারীর অধিকার নিশ্চিত করা হয়েছে। (ভোয়া ওয়েব পেজ : ০৯.০৩.২০২৪ এলিনা)

### বিজিবি-বিএসএফ সম্মেলনে সমন্বিত সীমান্ত ব্যবস্থাপনা কার্যকরে গুরুত্বারোপ

সমন্বিত সীমান্ত ব্যবস্থাপনা পরিকল্পনা (সিবিএমপি) কার্যকর করার ওপর গুরুত্বারোপ করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এবং ভারতের বর্ডার সিকিউরিটি ফোর্সের (বিএসএফ)। বিজিবি ও বিএসএফ এর মধ্যে মহাপরিচালক পর্যায়ে সীমান্ত সম্মেলনে, এ বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। ঢাকার বিজিবি সদর দপ্তরে ৫ই মার্চ শুরু হয় বাংলাদেশ-ভারত

সীমান্ত সম্মেলন। জয়েন্ট রেকর্ড অফ ডিসকাশন (জেআরডি) দলিল সইয়ের মধ্য দিয়ে শনিবার (৯ই মার্চ) এই সম্মেলন শেষ হয়েছে। পরে, এক সংবাদ সম্মেলনে যৌথ বিবৃতি পাঠ করা হয়। এতে বলা হয়, বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী, বাংলাদেশ ও ভারতের মধ্যে বিদ্যমান দ্বিপক্ষীয় সম্পর্ক বিবেচনায় রেখে, সীমান্ত হত্যা শূন্যের কোটায় নামিয়ে আনতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিএসএফ মহাপরিচালক নীতিন আগরওয়ালের প্রতি আহবান জানিয়েছেন। একটি মৌলিক উদ্বেগের পাশাপাশি, চোরাচালান, মানবপাচার, অসাবধানতাবশত সীমান্ত অতিক্রম ও যে-কোনো সন্ত্রাসী কর্মকাণ্ড প্রতিরোধ এবং নদীর তীর সংরক্ষণ কাজ, সীমান্ত হাট বৃদ্ধি, আটকে থাকা আইসিপি/এলসিপি সংশ্লিষ্ট প্রকল্প সমাপ্তকরণ-সহ বিভিন্ন উন্নয়ন কাজের সময়াবদ্ধ সম্মতি প্রদানের বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন বিজিবি মহাপরিচালক। গত ২২শে জানুয়ারি বিজিবি সদস্য সিপাহী মো. রইস উদ্দিনের মর্মান্তিক মৃত্যুতে বিএসএফ মহাপরিচালক আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করেন। সীমান্তে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখতে বিএসএফ ও বিজিবির সমন্বিত প্রচেষ্টায় সন্তোষ প্রকাশ করে উভয় পক্ষ। তারা সমন্বিত সীমান্ত ব্যবস্থাপনা পরিকল্পনা (সিবিএমপি) বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন। উভয় পক্ষ; যৌথ টহল, নজরদারি, জনসচেতনতা কার্যক্রম জোরদার, যথাযথ আর্থ-সামাজিক উন্নয়ন কর্মসূচি গ্রহণ, আন্তর্জাতিক সীমান্তের (আইবি) পবিত্রতা সম্পর্কে সীমান্তের জনগণকে শিক্ষিত করার বিষয়ে এক মত হয়। অপরাধী বা বাসিন্দাদের আইবি অতিক্রম করা এবং সঠিক সময়ে তথ্য আদান-প্রদান করে নিরস্ত্র বাংলাদেশি নাগরিকদের হত্যা বা আহত হওয়ার ঘটনা শূন্যের কোটায় নামিয়ে আনতে সম্মত হয়েছেন দুই মহাপরিচালক। এছাড়া, আন্তঃসীমান্ত বিদ্রোহী গোষ্ঠীর বিষয়ে দুই বাহিনীর বিদ্যমান 'জিরো টলারেন্স' নীতির কথা পুনর্ব্যক্ত করেছে উভয় পক্ষ। আর, তাৎক্ষণিক তথ্যের মাধ্যমে আন্তঃসীমান্ত চলাচল রোধে প্রয়োজনীয় সব পদক্ষেপ গ্রহণে সম্মত হন প্রতিনিধি দলের সদস্যরা। চলতি বছরের ২২শে জানুয়ারি যশোর সীমান্তে বিএসএফের গুলিতে নিহত বিজিবি সদস্য সিপাহী মো. রইসউদ্দিনের মৃত্যুতে বিএসএফ মহাপরিচালক গভীর শোক প্রকাশ করেন। তবে, রইসউদ্দিনের মৃত্যু নিয়ে প্রশ্ন করা হলে বিএসএফ ডিজি নীতিন আগরওয়াল সরাসরি কোনো উত্তর দেননি। এ বিষয়ে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী বলেন, "এটি মূলত পরিকল্পিত হত্যাকাণ্ড নয়। উভয়পক্ষের অস্পষ্টতা, কুয়াশা ও বিভ্রান্তির মধ্যে এটি ঘটেছে। ভবিষ্যতে উভয় পক্ষ থেকে ইউনিফর্ম পরা বিজিবি ও বিএসএফ সদস্য বা বাংলাদেশ ও ভারতের বেসামরিক নাগরিকের ওপর যে-কোনো হত্যা এড়াতে সকল প্রচেষ্টা থাকবে।„ সীমান্ত সম্মেলনে, ৯ সদস্যের ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দেন বিএসএফ মহাপরিচালক নিতিন আগরওয়াল। আর, ১৬ সদস্যের বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্ব দেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিক। (ভোয়া ওয়েব পেজ : ০৯.০৩.২০২৪ এলিনা)

## দেশে রাজবন্দি নেই, যারা আছেন তারা বিএনপি কর্মী : স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান

বাংলাদেশে কোনো রাজবন্দি নেই বলে দাবি করেছেন দেশটির স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান। শনিবার (৯ই মার্চ) পুলিশ মেমোরিয়াল ডে উপলক্ষ্যে, পুলিশ স্টাফ কলেজে আয়োজিত অনুষ্ঠান শেষে, সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি। আসাদুজ্জামান খান বলেন, "বিএনপির দাবি, তাদের হাজার হাজার কর্মী রাজবন্দি অবস্থায় রয়েছেন। আমি বলব, দেশে রাজবন্দি বলতে কেউ নেই। আমাদের কাছে যারা বন্দি আছেন তারা বিএনপির কর্মী। রাজবন্দি বলতে কেউ নেই। যারা প্রধান বিচারপতির বাসায় ভাঙচুর করেছে; যারা পুলিশ-আনসার পিটিয়ে হত্যা করেছে; নারীদের অপমান করেছে; আমরা ভিডিও ফুটেজ দেখে তাদের শনাক্ত করে আইন অনুযায়ী ব্যবস্থা নিয়েছি; যেটা পুলিশ করছে; বলেন বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী। বিএনপি ২০১৪ সালে অরাজক পরিস্থিতি সৃষ্টি করেছিল বলে উল্লেখ করেন তিনি। বলেন, অগ্নিসন্ত্রাসের মাধ্যমে নির্বাচনকে বানচালের চেষ্টা করেছে তারা। আর, ক্রমান্বয়ে তারা জনবিচ্ছিন্ন হয়েছে। আসাদুজ্জামান খান বলেন, ইংল্যান্ডে বসে থেকে তিনি (তারেক রহমান) এদেশে তার দলের রাজনীতি নিয়ন্ত্রণ করার চেষ্টা করছেন। "তিনি শুধু এ দেশের জনগণের নয়, তার দলের নেতা-কর্মীদেরও ভালো চান না;„ আসাদুজ্জামান খান যোগ করেন। তিনি আরো বলেন যে, বিএনপি দিন দিন জনবিচ্ছিন্ন দলে পরিণত হয়েছে। এদিকে গত ১৮ই ডিসেম্বর এক সংবাদ সম্মেলনে জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম দাবি করে যে, ১৪ সপ্তাহে ৭৯টি মামলায় ১ হাজার ২৪৯ জন বিএনপি নেতা–কর্মীকে বিভিন্ন মেয়াদে সাজা দেয়া হয়েছে। জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম আরো বলেছে, সরকার ২৮শে অক্টোবরের পর থেকে বিএনপির ২১ হাজার ৮৩৫ জন নেতা-কর্মীদের কারাগারে বন্দি করেছে। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ফোরামের মহাসচিব ও বিএনপির আইনবিষয়ক সম্পাদক কায়সার কামাল। (ভোয়া ওয়েব পেজ : ০৯.০৩.২০২৪ এলিনা)

## বাংলাদেশের ব্যাংকিং খাতে নারী কর্মসংস্থানের হার ১৬ দশমিক ৩৭ শতাংশ

বাংলাদেশের ব্যাংকিং খাতে, ২০২৩ সালের জুলাই-ডিসেম্বর সময়ে, নারীদের কর্মসংস্থান বেড়েছে এক হাজার ৪০৭ টি। ব্যাংকগুলোতে এখন নারীদের কর্মসংস্থানের হার ১৬ দশমিক ৩৭ শতাংশ। আর, পরিচালনা পর্ষদে এই হার ১৩ দশমিক ৫১ শতাংশ। লিঙ্গ সমতা নিয়ে বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। প্রতিবেদনে বলা হয়, দেশের ৬১ টি ব্যাংকে নারী কর্মীর সংখ্যা ৩৩ হাজার ৩৪৬ জন; এই সংখ্যা ব্যাংকগুলোর মোট কর্মীর ১৬

দশমিক ৩৭ শতাংশ। প্রতিবেদনে দেখা যায়, ২০২৩ সালে তপশিলি ব্যাংকগুলোর মধ্যে ৪৩টি বেসরকারি বাণিজ্যিক ব্যাংকে নারী কর্মীর সংখ্যা সবচেয়ে বেশি, ২২ হাজার ২৪৮ জন। এই সংখ্যা মোট কর্মীর ১৬ দশমিক ৩২ শতাংশ। বিদেশি বাণিজ্যিক ব্যাংকগুলোতে নারী কর্মকর্তার অনুপাত সবচেয়ে বেশি; ২৪ দশমিক ১৮ শতাংশ। গত ২০২৩ সালের জুলাই-ডিসেম্বর সময়ে বোর্ড সদস্য হিসেবে নারীদের অংশগ্রহণ ছিল ১৩ দশমিক ৫১ শতাংশ। এর মধ্যে বিদেশি বাণিজ্যিক ব্যাংকগুলোর বোর্ডে নারীদের অংশগ্রহণের হার ১৭ দশমিক ৫৪ শতাংশ। উল্লিখিত সময়ে, বিশেষায়িত বাণিজ্যিক ব্যাংকের পরিচালনা পর্ষদে নারী সদস্য নেই বলে প্রতিবেদনে দেখা গেছে। ব্যাংকগুলোর জমা দেয়া প্রতিবেদন অনুসারে, উল্লিখিত সময়ের মধ্যে, নারী কর্মীদের অংশগ্রহণের হার ছিল; চাকরির প্রাথমিক পর্যায়ে ১৭ দশমিক ০৪ শতাংশ, মাঝারি পর্যায়ে ১৫ দশমিক ৭৯ শতাংশ এবং উচ্চ পর্যায়ে ৯ দশমিক ৩৬ শতাংশ। প্রাপ্ত তথ্য-উপাত্ত বিশ্লেষণে দেখা যায়, প্রাথমিক পর্যায়ে ব্যাংকিং খাতে নারীর অংশগ্রহণ বেশি। বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদন মতে, ৩০ বছরের কম বয়সী নারী কর্মীদের অংশগ্রহণের হার ২০ দশমিক ৯৯ শতাংশ। সরকারি ব্যাংকগুলোতে এই হার অর্ধেকের কম। গত ২০২৩ সালে প্রকাশিত ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) জেন্ডার গ্যাপ রিপোর্ট অনুসারে, বাংলাদেশের অবস্থান ১২ ধাপ এগিয়েছে। বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদনে দেখা যায়, ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের বিশ্বের ১৪৬টি দেশের মধ্যে, লিঙ্গ বৈষম্য বিবেচনায় ২০২২ সালে বাংলাদেশর অবস্থান ছিল ৭১তম। আর, ২০২৩ সালে বাংলাদেশের অবস্থান হয়েছে ৫৯তম। সিডিপির নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন বলেন, দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের সঙ্গে সাধারণভাবে নারীর কর্মসংস্থান বাড়ছে; তবে নারীর কর্মসংস্থানের অনুপাত কমার সঙ্গে বাংলাদেশ ব্যাংকের হিসাবের মিল নেই। ব্যাংকিং খাতে নারীর কর্মসংস্থানের অনুপাত কেন কমছে তা খতিয়ে দেখার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেন তিনি। বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র মেজবাউল হক বলেন, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে লিঙ্গ বৈষম্য কমাতে কেন্দ্রীয় ব্যাংকের নীতিমালা অনুসরণ করে ব্যাংকিং খাতে নারীর কর্মসংস্থান বেড়েছে। কেন্দ্রীয় ব্যাংক কর্মসংস্থান ও উদ্যোক্তা উন্নয়ন, উভয় ক্ষেত্রে নারীদের অগ্রাধিকার দেয় বলে জানান তিনি। (ভোয়া ওয়েব পেজ : ০৯.০৩.২০২৪ এলিনা)

### বাংলাদেশের সঙ্গে সম্পর্ককে অংশীদারিত্বে রূপান্তর করতে চায় আরব আমিরাত

সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) পররাষ্ট্রমন্ত্রী শেখ আবদুল্লাহ বিন জায়েদ আল নাহিয়ান বাংলাদেশের সঙ্গে সম্পর্ককে অংশীদারিত্বে রূপান্তরে বিষয়ে গুরুত্ব আরোপ করেছেন। আবুধাবিতে, শুক্রবার (৮ই মার্চ) সন্ধ্যায় বাংলাদেশর পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক কালে এ মত প্রকাশ করেন ইউএই-এর পররাষ্ট্রমন্ত্রী। পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে, শেখ আবদুল্লাহ বিন জায়েদ আল নাহিয়ান বাংলাদেশের সঙ্গে অর্থনৈতিক অংশীদারিত্বের জন্য কম্প্রিহেনসিভ ইকনোমিক পার্টনারশিপ অ্যাগ্রিমেন্ট (সিইপিএ) সই ও জয়েন্ট বিজনেস কাউন্সিল (জেবিসি) সক্রিয় করার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। বৈঠকের শুরুতে, পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান দু'দেশের কূটনৈতিক সম্পর্কের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে, সংযুক্ত আরব আমিরাতের প্রেসিডেন্টকে, বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পত্র ইউএই-এর পররাষ্ট্রমন্ত্রী শেখ আবদুল্লাহর কাছে হস্তান্তর করেন। উভয় দেশের পররাষ্ট্রমন্ত্রী বিদ্যমান দ্বিপক্ষীয় সহযোগিতার নানা দিক পর্যালোচনা করেন। এসময় তারা জ্বালানি নিরাপত্তা, খাদ্য নিরাপত্তা, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন, নবায়নযোগ্য জ্বালানি, জনগণের মধ্যে যোগাযোগ, দ্বিপক্ষীয় বাণিজ্য বৃদ্ধি-সহ নতুন উদীয়মান ক্ষেত্র অন্বেষণের ওপর জোর দেন। হাছান মাহমুদ বাংলাদেশে ইউএই'র বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে, মাতারবাড়ি এক্সক্লুসিভ ইকনোমিক জোন, বন্দর ও লজিস্টিক ব্যবস্থাপনা, চট্টগ্রামের রাঙ্গুনিয়ায় শেখ জায়েদ ইবনে সুলতান আল নাহিয়ানকে উপহার দেয়া জমির উন্নয়নে সংযুক্ত আরব আমিরাত সরকার এবং ব্যবসায়ীদের জন্য সম্ভাব্য বিনিয়োগ প্রস্তাব তুলে ধরেন। এর সমর্থনে, ইউএই-এর পররাষ্ট্রমন্ত্রী চলমান বিনিয়োগ ও অর্থনৈতিক বিষয়গুলোকে এগিয়ে নেয়ার বিষয়ে আগ্রহ প্রকাশ করেন। দুই পররাষ্ট্রমন্ত্রী, রোহিঙ্গা প্রত্যাবাসন এবং চলমান গাজা যুদ্ধ বন্ধের উদ্যোগ-সহ নানা আঞ্চলিক বিষয়ে মতবিনিময় করেন।

(ভোয়া ওয়েব পেজ : ০৯.০৩.২০২৪ এলিনা)

## রেডিও তেহরান

### গঙ্গা ও তিস্তা পানি-চুক্তিতে গ্যারান্টি ও আরবিট্রেশন ক্লজ জরুরি : আইএফসি

ফারাক্কা চুক্তির মেয়াদ শেষ হবে ২০২৬ সালে। আন্তর্জাতিক ফারাক্কা কমিটি (আইএফসি) এক যৌথ বিবৃতিতে ঢাকা ও দিল্লিকে গঙ্গা ও তিস্তা পানি-চুক্তিতে গ্যারান্টি ক্লজ সংযুক্ত করার দাবি জানিয়েছেন। আন্তর্জাতিক ফারাক্কা কমিটি (আইএফসি) এক যৌথ বিবৃতিতে ঢাকা ও দিল্লিকে গঙ্গা ও তিস্তা পানি-চুক্তিতে গ্যারান্টি ও আরবিট্রেশন ক্লজ সংযুক্ত করার দাবি জানিয়েছেন। আজ (শনিবার) ঢাকায় জাতীয় প্রেস ক্লাবে এক অনুষ্ঠানে তারা একথা বলেন। নেতৃবৃন্দ জানান, উভয় দেশের মধ্য দিয়ে প্রবাহিত ৫৪টি নদী বাঁচিয়ে রাখতে উৎস থেকে সাগর পর্যন্ত তাদের প্রবাহ বজায় রাখা খুবই জরুরি। আর এজন্য তিস্তা পানি চুক্তি খুবই জরুরি। বিবৃতিতে উল্লেখ করা হয়, প্রতিবেশী অনেক দেশের সঙ্গে

স্বাক্ষরিত পানি-চুক্তিগুলিতে ভারতের গ্যারান্টি ও আরবিট্রেশন ক্লজ রয়েছে। ফলে সিন্ধু ও মহাকালী পানি চুক্তিগুলো পারস্পরিক স্বার্থ রক্ষা করতে সেসব দেশ সমর্থ হয়েছে। অন্যদিকে বাংলাদেশের সাথে স্বাক্ষরিত গঙ্গা পানি-চুক্তিতে সেই শর্ত পূরণ করেনি তারা। বন্ধু প্রতীম দাবিদার দুই দেশের সম্পর্কের আশানুরূপ উন্নয়নও হয়নি অনেক ক্ষেত্রে। আন্তর্জাতিক ফারাক্কা কমিটি এসব কথা বলেছেন। তাদের (আইএফসি) সমন্বয়ক মোস্তফা কামাল মজুমদার বলেন (স্বকণ্ঠে) : বাংলাদেশ গঙ্গা চুক্তি শর্ত অনুযায়ী তো পানি পায়নি। তা নিয়ে কার্যকর কোনো পদক্ষেপও নিতে পারিনি। কারণ চুক্তিতে গ্যারান্টি ও আরবিট্রেশন ক্লজ ছিল না। নবায়নের সময় চুক্তির এই দুর্বলতা অবশ্যই কাটিয়ে উঠতে হবে। তিস্তা নিয়ে চুক্তি হওয়ার কথা ছিল ২০১১ সালে। ভারতের প্রধানমন্ত্রী মনমোহন সিং-এর বাংলাদেশ সফরের সময়। যে চুক্তি ২০২৬ সালে শেষ হয়ে যাবে। এই চুক্তির নয়ায়ন ও তিস্তা পানি চুক্তি সম্পাদনের জন্য বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রী ড. হাছান মাহমূদের সঙ্গে সম্প্রতি দিল্লি সফরে তিনি ভারত সরকারকে তাগিদ দিয়েছেন। তাই নবায়নের সময় চুক্তির এই দূর্বলতা অবশ্যই কাটিয়ে ওঠার পরামর্শ দিয়েছেন বিশ্লেষকরা। তাই এখন সবাইকে সচেতন হওয়ার পরামর্শ দিয়েছেন আইএফসি বাংলাদেশের সভাপতি ও পরিবেশ বিজ্ঞানী অধ্যাপক জসিম উদ্দিন আহমাদ (স্বকণ্ঠে) : আমরা আমাদের বাংলাদেশ সুজলা-সুফলা বাংলাদেশ, তাকে এই অবস্থায় রাখতে পারব না। তা না হলে কিন্তু বাংলাদেশের ভবিষ্যৎ সত্যিই অন্ধকার হয়ে যাবে। এ বিষয়ে ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাবেক সভাপতি ও আইএফসি সদস্য রফিকুল ইসলাম আজাদ মনে করেন, তিস্তা নদীর কোন পানি বাংলাদেশকে দেয়া হয় না। পশ্চিম বঙ্গের গজল ডোবা বাঁধ চুইয়ে বাংলাদেশে আসে। বর্ষাকালে তারা বন্যার পুরো পানি ছেড়ে দেয়। ফলে প্রতিবছর বাংলাদেশের তিস্তা অববাহিকায় ভয়াবহ বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়। এ সমস্যার সমাধান দাবি করেন তারা।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ০৯.০৩.২০২৪, বাদশা রহমান, এলিনা)

### সীমান্ত হত্যা টার্গেট কিলিং নয়, কমাতে নেয়া হচ্ছে নানা উদ্যোগ : ডিজি বিজিবি ও বিএসএফ

যৌথ আলোচনার দলিল স্বাক্ষরের মধ্য দিয়ে বিজিবি-বিএসএফ মহাপরিচালক পর্যায়ের ৫ দিনব্যাপী বৈঠক আজ শেষ হয়েছে। বৈঠক শেষে বিএসএফ কর্মকর্তা নিতিন আগারওয়াল বলেছেন, সীমান্ত হত্যা শূন্যে নামিয়ে আনতে নানা উদ্যোগ নেওয়া হয়েছে।

যৌথ আলোচনার দলিল স্বাক্ষরের মধ্য দিয়ে বিজিবি-বিএসএফ মহাপরিচালক পর্যায়ের ৫ দিনব্যাপী বৈঠক আজ শনিবার ঢাকায় শেষ হয়েছে। ৫৪তম সীমান্ত সম্মেলন শেষে ভারতের বর্ডার সিকিউরিটি ফোর্সের (বিএসএফ) মহাপরিচালক (ডিজি) নিতিন আগারওয়াল বলেছেন, সীমান্তহত্যা শূন্যে নামিয়ে আনতে নানা উদ্যোগ নেওয়া হয়েছে । বিজিবি-বিএসএফ ডিজির যৌথ সংবাদ সম্মেলনে বিএসএফ মহাপরিচালক বলেন, বাংলাদেশ সীমান্তে প্রাণঘাতি অস্ত্র ব্যবহার করা হচ্ছে না। কিন্তু ক্লোজ রেঞ্জ থেকে প্রাণঘাতি নয়, এমন অস্ত্র দিয়ে গুলি করলেও মৃত্যুর ঘটনা ঘটতে পারে। তবে সীমান্তে হত্যা শূন্যে নামিয়ে আনতে নানা উদ্যোগ নিচ্ছেন (স্বকণ্ঠে) : We have also discussed with BGB. We have decided to increase our join border patrolling to share intelligence more proactively and try to help each other out in preventing this transport a crime and an attack on both her person.

আর বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী বলেছেন, সীমান্ত হত্যা নিয়ে তিনি গভীরভাবে উদ্বিগ্ন (স্বকণ্ঠে) : We can benefit economically can be obtained. So that figure we have discussed so that more number of border hunts can be initiated with proper mechanism, proper implementation. So that be bordering people of both sides within regulations can compact that can implement that and have a better life. (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ০৯.০৩.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## এনএইচকে

### রমজান মাসের আগে গাজার সংঘাতে বিরতি অর্জন কঠিন হবে : যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন আভাস দিয়েছেন যে, গাজা ভূখণ্ডে ইসরায়েল ও হামাসের মধ্যে চলা সংঘাতে মুসলমানদের পবিত্র রমজান মাস শুরু হওয়ার আগে বিরতি অর্জন করা দৃশ্যত কঠিন হবে। রবিবারের দিকে শুরু হতে যাওয়া রমজান মাসের আগে যুদ্ধে বিরতি টানা এবং ইসলামি গোষ্ঠীর হাতে আটক জিম্মিদের মুক্ত করা নিয়ে হামাসের সাথে মিশর, কাতার ও মার্কিন প্রতিনিধিদের আলোচনা চলছিল। তবে হামাস বৃহস্পতিবার আলোচনা স্থগিত হয়ে যাওয়ার ঘোষণা দিয়েছে। শুক্রবার সাংবাদিকরা রমজানের যুদ্ধে বিরতির সম্ভাবনা সম্পর্কে জানতে চাইলে বাইডেন বলেছেন, "এটা কঠিন দেখাচ্ছে।" যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট এর আগে বলেছিলেন যে, রমজান মাসে লড়াই চলতে থাকলে সেটা খুব বিপজ্জনক হয়ে দেখা দিতে পারে। গাজায়, বিশেষ করে ভূখণ্ডের উত্তরাঞ্চলে মানবিক পরিস্থিতির আরও অবনতি হচ্ছে। এলাকাবাসীরা পুষ্টিহীনতায় প্রাণ হারাচ্ছেন বলে খবর পাওয়া যাচ্ছে। মার্কিন সরকার সমুদ্রপথে

ত্রাণসামগ্রী পরিবহণের জন্য গাজার সমুদ্র তীরে ভাসমান একটি জেটি নির্মাণের পরিকল্পনা ঘোষণা দিয়েছে। সরকার বলছে যে, জেটিটি চালু হলে প্রতিদিন দুই মিলিয়নের বেশি খাবার সরবরাহ করা সম্ভব হবে। তবে, এর নির্মাণে ৬০ দিন পর্যন্ত সময় লাগতে পারে বলে ধারণা করা হচ্ছে। (এনএইচকে ওয়েব পেজ : ০৯.০৩.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### তথ্য চাওয়াকে কেন্দ্র করে সাংবাদিক জেলে

উপজেলার বিভিন্ন প্রকল্পের তথ্য চেয়ে আবেদন করার জেরে এক সাংবাদিককে মোবাইল কোর্ট বসিয়ে ছয় মাসের কারাদণ্ড দিয়ে জেলে পাঠানোর অভিযোগ পাওয়া গেছে। অভিযোগ শেরপুর জেলার নকলা উপজেলার নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাদিয়া উম্মুল বানিনের বিরুদ্ধে। কারাগারে আটক ওই সাংবাদিকের নাম শফিউজ্জামান রানা। তিনি দৈনিক দেশ রূপান্তর পত্রিকার নকলা উপজেলা প্রতিনিধি। বিষয়টিকে স্বাধীন সাংবাদিকতার প্রতি হুমকি উল্লেখ করে সংশ্লিষ্টরা। তারা বলছেন, এমন ঘটনায় ব্যক্তিস্বার্থে আইন-আদালত ব্যবহার হয়েছে। যদিও ইউএনও এমন দাবি অস্বীকার করছেন। এদিকে সাংবাদিক নেতারা অবিলম্বে এই সাংবাদিককে মুক্তি দেওয়া না হলে আন্দোলন নামার কথা জানিয়েছেন। ঘটনার তদন্ত করার কথা জানিয়েছে তথ্য কমিশন। সাংবাদিকের স্ত্রী বন্যা আক্তার বলেন, ``গত মঙ্গলবার তিনি (শফিউজ্জামান রানা) উপজেলা নির্বাহী কর্মকর্তার দপ্তরে তথ্য সংগ্রহের জন্য গিয়েছিলেন। আগেই তিনি এজন্য তথ্য অধিকার আইনে আবেদন করেছিলেন। আমার কাছে ওই আবেদনের একটি কপি আছে। তাতে তিনি বার্ষিক উন্নয়ন কর্মসূচির বিভিন্ন প্রকল্পের কম্পিউটার ও ল্যাপটপ কেনা-সহ আরো কিছু তথ্য চেয়েছিলেন। ওই দিন দুপুরে ওই তথ্য পাওয়া না পাওয়া নিয়ে কথা কাটাকাটির জেরে ইউএনও মোবাইল কোর্ট বসিয়ে তাকে ছয় মাসের কারাদণ্ড দিয়ে জেলে পাঠিয়ে দেন। আমি তার এখনো জামিনের ব্যবস্থা করাতে পারিনি। কারাগারে গিয়ে দেখা করেছি। তিনি কারাগারে থাকলে আমার দুই সন্তান নিয়ে বিপদে পড়ে যাব। তিনি ছাড়া আমাদের পরিবারে উপার্জন করার আর কেউ নেই। তাকে অন্যায়ভাবে আটক করা হয়েছে। আমি তার মুক্তি চাই,,, বলেন বন্যা আক্তার।

তবে ইউএনও সাদিয়া উম্মুল বানিন দাবি করেন, ``তথ্য চাওয়ার কারণে নয়, তিনি আমার সহকারি প্রশাসনিক কর্মকর্তা শিলা আক্তারের সঙ্গে অশোভন আচরন করেন। তিনি নিজেই তার রুমে ঢুকে ফাইলপত্র ধরেন। আমি তখন পাশের রুমে একটি মিটিংয়ে ছিলাম। বাইরে প্রচণ্ড হট্টগোল হচ্ছিল। কয়েকজন রানা সাহেবকে থামানোর চেষ্টা করেন। আমি বের হয়ে দেখি তাকে কোনোভাবে থামানো যাচ্ছিল না। সে অশ্রাব্য ভাষায় কথা বলছিল। তখন আমি আমার এসি ল্যান্ডকে ডাকি। সে এসেও থামাতে পারেনি। তারপর আমার গোপন সহকারির অভিযোগের ভিত্তিতে মোবাইল কোর্ট তাকে ছয় মাসের কারাদণ্ড দেয়। অফিস চালানোর জন্য এছাড়া আমার উপায় ছিল না। তিনি চলে গেলে তাকে শাস্তি দেয়া হতো না।,, তবে তিনি স্বীকার করেন, ওই সাংবাদিক তথ্যের জন্য আবেদন করেছিলেন। ইউএনও বলেন, ``তিনি (শফিউজ্জামান রানা) এডিপি ও জাইকা প্রকল্পের তথ্যের জন্য আবেদন করেছিলেন। কিন্তু আমি এখানে এসেছি ছয় মাস হলো। ওই ধরনের প্রকল্পের সঙ্গে আমি এখনো কাজ করিনি। আর আগের তথ্য আমার কাছে নাই। ওটা জাইকার কাছে থাকে।,, ইউএনও যেই এসি ল্যান্ডকে ডেকে আনেন তার নাম মো. শিহাবুল আরিফ। নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসাবে তিনিই তাৎক্ষণিকভাবে মোবাইল কোর্ট পরিচালনা করে সাংবাদিককে ছয় মাসের কারাদণ্ড দেন। তিনি ডয়চে ভেলেকে বলেন, ``তাকে সাংবাদিক হিসাবে নয়, ব্যক্তি হিসাবে শাস্তি দেয়া হয়েছে। ইউএনও স্যারের সহকারি প্রশাসনিক কর্মকর্তার অভিযোগের ভিত্তিতে মোবাইল কোর্ট কাজ করেছে। তথ্য চাওয়ার বিষয় তখন আমি জানতাম না। তথ্য চাওয়ার বিষয়টি পরে আমি পত্রিকায় দেখেছি। এ ব্যাপারে ইউএনও স্যারের সঙ্গে কথা বললে ভালো হবে।,,

জানা গেছে, ওই দিন ঘটনার সময় সেখানে সাংবাদিক রানার দশম শ্রেণি পড়ুয়া ছেলে শাহরিয়ার জামান মাহিনও ছিলো। মাহিন জানায়, ``আমার একটি ব্যাংক অ্যাকাউন্ট খোলার জন্য আব্বুর সঙ্গে বের হয়েছিলাম। দুপুর ১২টার দিকে বাবা ইউএনও ম্যামের কাছে তথ্যের আবেদন নিয়ে যান। তখন তিনি মিটিংয়ে ছিলেন তাই শীলা ম্যামের কাছে পাঠান। আব্বু রিসিভড কপি চাচ্ছিলেন। তখন তিনি ফি চান। এটা নিয়ে কথা কাটাকাটি হয়। এক পর্যায়ে ইউএনও ম্যাম বের হয়ে গালাগাল করেন। আমাকেও বলেন, তুমি কি তোমার বাবার মত চোর সাংবাদিক হবে? এরপর মোবাইল কোর্ট বসিয়ে শাস্তি দেন। প্রথমে একটি এবং পরে আরেকটি মামলা দেয়া হয়। মোবাইল ফোনও কেড়ে নেয়ার চেষ্টা করে। কিন্তু আব্বু দেননি।,, সাংবাদিক রানার স্ত্রী বন্যা আক্তার বলেন, ``আমার স্বামীকে পরিকল্পিতভাবে মোবাইল কোর্টে শাস্তি দেয়া হয়েছে। কারণ তিনি যেসব তথ্য চেয়েছিলেন তা প্রকাশ হলে অনেকের দুর্নীতির খবর ফাঁস হতো। অনেক সাংবাদিক তা চেপে গেলেও আমরা স্বামী সব সময় তা প্রকাশ করেন।'' আর নকলা প্রেসক্লাবের সভাপতি মোশাররফ হোসেন বলেন, ``আমরা বিব্রত। তাকে মোবাইল কোর্টে শাস্তি দেয়াও যেমন ঠিক হয়নি। আবার সাংবাদিক যে আচরণ করেছে তাও ঠিক হয়নি।,,

সাবেক জেলা ও দায়রা জজ ড. শাহজাহান সাজু বলেন, ``এখানে মেবাইল কোর্টকে ব্যক্তিগত আক্রোশ চরিতার্থ করার কাজে ব্যবহার করা হয়েছে। এটা বেআইনি এবং অন্যায়। আদালতকে নিজের স্বার্থে ব্যবহার করার এটা একটা নজির। যারা এটা করেছেন তাদের বিরুদ্ধে সরকারের ব্যবস্থা নেয়া উচিত। ওই সাংবাদিক কোনো অপরাধ করে থাকলে

তার বিরুদ্ধে থানায় নিয়মিত মামলা করা যেত।,, তার কথা, ``এটা স্বাধীন সাংবাদিকতার প্রতি হুমকি।,, আর আইন ও সালিশ কেন্দ্রের নির্বাহী পরিচালক ফারুক ফয়সাল বলেন, ``এটাই প্রথম নয়, এর আগেও ইউএনও এবং ডিসিরা সাংবাদিকদের বিরুদ্ধে মোবাইল কোর্ট ব্যবহার করে শাস্তি দিয়েছেন। দেশে দুর্নীতি ছেয়ে গেছে। সাংবাদিকদের তথ্য দিলে দুর্নীতি প্রকাশ হয়ে যাবে তাই তারা তথ্য দিতে চান না। উল্টো মামলা দিয়ে, শাস্তি দিয়ে হয়রানি করেন।,, মোবাইল কোর্ট আইন লঙ্ঘনের অভিযোগ তুলে তিনি বলেন, ``এভাবে ব্যক্তিস্বার্থে আইন আদালত ব্যবহার হলে দেশে তো আর আইনের শাসন বলে কিছু থাকবে না।,, তবে ইউএনও এবং নির্বাহী ম্যাজিস্ট্রেট দাবি করেছেন, তারা ব্যক্তি আক্রোশের কারণে মেবাইল কোর্ট ব্যবহার করেননি। আইনে তারা পারেন বলেই ব্যবহার করেছেন।

বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের সভাপতি মো. ওমর ফারুক বলেন, ``সাংবাদিক রানাকে মেবাইল কোর্টে শাস্তি দিয়ে কারাগারে পাঠানো অন্যায়। আমরা এর তীব্র নিন্দা জানাই এবং মুক্তি দাবি করছি। তাকে অবিলম্বে মুক্তি দেয়া না হলে যারা এই অন্যায় করেছেন তাদের বিচারের দাবিতে আমরা আন্দোলনে নামব।,, তার কথা, ``আমলাতন্ত্রের অপরাধ, অপকর্ম সাংবাদিকরা প্রকাশ করে দেয়। তাই তাদের ওপর আমলাতন্ত্রের আক্রোশ। তারা নানাভাবে সাংবাদিকদের হয়রানি করে। মিথ্যা মামলা দেয়। এটা করে তারা সরকারের ভাবমূর্তি এবং আন্তর্জাতিক পর্যায়ে দেশের ভাবমুর্তি ক্ষুণ্ণ করছে।,, প্রসঙ্গত এর আগে ২০২০ সালের ১৩ই মার্চ কুড়িগ্রামের সাংবাদিক আরিফুল ইসলামকে মধ্যরাতে বাসা থেকে তুলে নিয়ে মোবাইল কোর্ট বসিয়ে তখনকার ডিসি সুলতানা পারভীন তাকে দণ্ড দিয়ে জেলে পাঠিয়েছিলেন। সুলতানা পারভীন জেলা প্রশাসনের একটি পুকুর সংস্কার করে তার নাম নিজের নামে `সুলতানা সরোবর' রেখেছিলেন। ওই বিষয়ে প্রতিবেদন প্রকাশের পর বাংলা ট্রিবিউনের প্রতিবেদক আরিফুল ইসলামকে মাদক রাখার অভিযোগে এক বছরের কারাদণ্ড ও ৫০ হাজার টাকা জরিমানা করে ভ্রাম্যমাণ আদালত।

(ডয়চে ভেলে ওয়েব পেজ:০৯.০৩.২০২৪ রিহাব)

# রেডিও টুডে

## কুমিল্লা সিটি কর্পোরেশনে প্রথম নারী মেয়র নির্বাচিত হয়েছেন

কুমিল্লা সিটি কর্পোরেশনে প্রথম নারী মেয়র নির্বাচিত হয়েছেন ডাক্তার তাহসিন বারী সূচনা। সন্ধ্যা সোয়া সাতটার দিকে মেয়র পদে উপনির্বাচনের ফলাফল ঘোষণা শেষে তাকে বেসরকারিভাবে নির্বাচিত ঘোষণা করা হয়। কুমিল্লা জেলা স্কুল অডিটোরিয়ামে এই ফলাফল ঘোষণা করেন রিটার্নিং কর্মকর্তা ফরহাদ হোসেন। নেওয়ার পদে উপনির্বাচনে ১০৫ কেন্দ্রে ফলাফলে ডাক্তার তাহসিনা বাহার সূচনা বাক প্রতিকে পেয়েছেন ৪৮ হাজার ৮৯০ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সাবেক মেয়র ঘড়ি প্রতীকে মনিরুল হক সাক্কু পেয়েছেন ২৬ হাজার ৮৯৭ ভোট। এছাড়া ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন শেষ খবর পাওয়া পর্যন্ত বিজয়ের পথে এগিয়ে আছেন ঘড়ি প্রতীকের প্রার্থী সাবেক মেয়র ইকরামুল হক টিটু। ২২৮টি কেন্দ্রের মধ্যে এখন পর্যন্ত ৩৮ টি কেন্দ্রে ইকরামুল হক এগিয়ে আছেন।

(রেডিও টুডে: ২১৪৫ ঘ. ০৯.০৩.২০২৪ রুবাইয়া)

## কুমিল্লা সিটি কর্পোরেশনের উপনির্বাচনে গোলাগুলির ঘটনা ঘটেছে

কুমিল্লায় উপনির্বাচনে গোলাগুলির ঘটনা ঘটেছে। এতে দুজন গুলিবিদ্ধ হয়েছেন। আজ শনিবার সকাল দশটার দিকে নগরীর ১৯ নম্বর ওয়ার্ডের জি এম আলী উচ্চ বিদ্যালয় এলাকায় এই ঘটনা ঘটে। নির্বাচনের দায়িত্ব থাকা রিটার্নিং কর্মকর্তা মোহাম্মদ ফরহাদ হোসেন এই তথ্য নিশিত করেছেন। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৯.০৩.২০২৪ আসাদ)

## বিএনপি মিথ্যা তথ্য দিয়ে আন্তর্জাতিক সংস্থাগুলোকে বিভ্রান্ত করছে : স্বরাষ্ট্রমন্ত্রী

বিএনপি মিথ্যা তথ্য দিয়ে আন্তর্জাতিক সংস্থাগুলোকে বিভ্রান্ত করছে বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। তিনি বলেছেন ইউরোপীয় ইউনিয়নের বক্তব্য প্রত্যাখ্যান করেছে সরকার। শনিবার সকালে রাজধানীর মিরপুরে পুলিশ স্টাফ কলেজে পুলিশ মেমোরিয়াল ডে উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। দেশের সকল পুলিশ সদস্যদের সততা ও নিষ্ঠার সাথে কাজ করার আহ্বান জানান স্বরাষ্ট্রমন্ত্রী। এ উপলক্ষ্যে ২০২৩ সালে কর্তব্যরত অবস্থায় মৃত্যু হওয়া পুলিশ সদস্যদের স্মরণে তাদের পরিবারকে স্বীকৃতি স্মারক প্রদান করা হয়।

(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৯.০৩.২০২৪ আসাদ)

## জনগণের আন্দোলনে সরকারকে বিদায় নিতেই হবে : মির্জা আব্বাস

বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস বলেছেন, জনগণকে কষ্ট দিতে ক্ষমতায় টিকে আছে সরকার। মানুষের প্রতি দায়বদ্ধতা না থাকায় এমনটা করছে তারা। শনিবার নয়া পল্টনে বিদ্যুৎ ও গ্যাস-সহ নিত্য পণ্যের মূল্যবৃদ্ধির প্রতিবাদে ঢাকা মহানগর দক্ষিণ বিএনপি আয়োজিত লিফলেট বিতরণ ও গণসংযোগ পূর্ব সমাবেশে এসব কথা বলেন তিনি। মনোবল অটুট রেখে আন্দোলন চালিয়ে নিতে নেতাকর্মীদের আহ্বান জানিয়ে বিএনপি'র স্থায়ী কমিটির এই সদস্য বলেন জনগণের আন্দোলনে একদিন সরকারকে বিদায় নিতেই হবে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৯.০৩.২০২৪ আসাদ)

**রাজধানীর নিউ এলিফ্যান্ট রোড এলাকায় ১০ তলা আবাসিক ভবনের লাগা আগুন নিয়ন্ত্রণ এসেছে**

রাজধানীর নিউ এলিফ্যান্ট রোড এর দশ তলা আবাসিক ভবনের সাত তলায় লাগা আগুন নিয়ন্ত্রণ এসেছে। ফায়ার সার্ভিসের দুটি ইউনিট এবং স্থানীয়দের চেষ্টায় খুবই অল্প সময়ের মধ্যে আগুন নিয়ন্ত্রণে চলে আসে। ফায়ার সার্ভিসের কন্ট্রোল রুমের কর্মকর্তা শফিক এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান শনিবার বেলা ১১:২৬ মিনিটের দিকে দশ তলা আবাসিক ভবনের সাত তলায় আগুন লাগে। এরপর স্থানীয়রা আগুন নিভাতে কাজ শুরু করে। এরই মধ্যে ফায়ার ফায়ার সার্ভিস সেখানে পৌঁছে কাজ শুরু করে। রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৯.০৩.২০২৪ আসাদ)

**১৬ দিন পর যানবাহন চলাচলের জন্য পুরোপুরি খুলে দেয়া হলো পোস্তগোলা সেতু**

টানা ১৬ দিন সংস্কার শেষে ঢাকার অন্যতম প্রবেশপথ বুড়িগঙ্গা নদীর উপর পোস্তগোলা সেতু খুলে দেয়া হয়েছে। শনিবার ভোর ছয়টা থেকে সেতু দিয়ে সব ধরনের জানা যানবাহন চলাচল করছে। গত ২২শে ফেব্রুয়ারি থেকে পোস্তগোলা সেতুর সংস্কার শুরু হয়। এ সময় ভারী যানবাহনকে বিকল্প পথ ব্যবহারের নির্দেশ দেয়া হয়।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৯.০৩.২০২৪ আসাদ)

**বিচ্ছিন্ন ঘটনার মধ্যে ময়মনসিংহ ও কুমিল্লার সিটি কর্পোরেশনের নির্বাচনের ভোট গ্রহণ শেষ হয়েছে**

বিচ্ছিন্ন ঘটনার মধ্যে ময়মনসিংহ ও কুমিল্লার সিটি কর্পোরেশনের নির্বাচনে ভোট গ্রহণ শেষ হয়েছে। দুই সিটিতে শনিবার সকাল আটটা থেকেই ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণ শুরু হয় যা চলে টানা বিকেল চারটা পর্যন্ত। ময়মনসিংহ সিটি কর্পোরেশনে সাধারণ নির্বাচন কুমিল্লা সিটির মেয়রের মৃত্যুতে এ পদে উপনির্বাচন অনুষ্ঠিত হয়। ময়মনসিংহে শান্তিপূর্ণ নির্বাচন হলেও কুমিল্লায় উপনির্বাচনে গোলাগুলির ঘটনায় ঘটেছে। এতে দুজন গুলিবিদ্ধ হয়েছেন। আজ শনিবার সকাল দশটার দিকে নগরীর ১৯ নং ওয়ার্ডের মুন্সি আলী উচ্চ বিদ্যালয় এলাকায় এ ঘটনা ঘটে। নির্বাচনের দায়িত্বে থাকা রিটার্নিং কর্মকর্তা মোঃ ফরহাদ হোসেন এ তথ্য নিশ্চিত করেছেন। এদিকে বিকেল চারটায় ভোট গ্রহণ শেষ হবার পর এখন গণনা চলছে। ভোটারদের সুবিধার জন্য আজ ময়মনসিংহ সিটিতে সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ০৯.০৩.২০২৪ রুবাইয়া)

**ময়মনসিংহ ও কুমিল্লা সিটিতে নির্বাচন শান্তিপূর্ণভাবে হয়েছে: কাজী হাবিবুল আউয়াল**

নির্বাচন কমিশন কাজী হাবিবুল আউয়াল বলেছেন ময়মনসিংহে পূর্ণাঙ্গ এবং কুমিল্লা সিটিতে মেয়র পদে উপনির্বাচন-সহ স্থানীয় সরকারের আজ ২৩১টি নির্বাচনে ভোট গ্রহণ হয়েছে যা শান্তিপূর্ণভাবেই শেষ হয়েছে। তবে কিছু কিছু জায়গায় দু'চারটি অপ্রীতিকর ঘটনা ঘটেছে। শনিবার রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে নিজ কার্যালয়ে সাংবাদিকদের এসব কথা বলেন সিইসি। হাবিবুল আউয়াল বলেন কুমিল্লায় দুই একটি ঘটনা ঘটেছে। নির্বাচনটা ম্যানেজ করার জন্য নির্বাচন কমিশনারদের দায়িত্ব বণ্টন করে দিয়েছি। আমাদের দৃষ্টিতে নির্বাচন অবাধ নিরপেক্ষ ও শান্তিপূর্ণ হয়েছে।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ০৯.০৩.২০২৪ রুবাইয়া)

**সিঙ্গাপুরের স্বাস্থ্য পরীক্ষা শেষে আজ দেশে ফিরছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের**

সিঙ্গাপুরে স্বাস্থ্য পরীক্ষা শেষে আজ দেশে ফিরছেন সড়ক, পরিবহণ ও সেতু মন্ত্রী এবং আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। স্থানীয় সময় শনিবার দুপুরে এশিয়ার দেশটি থেকে ঢাকার উদ্দেশ্যে রওনা হবেন তিনি। সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের তথ্য ও জনসংযোগ কর্মকর্তা শেখ ওয়ালিদ ফয়েজ বিষয়টি নিশ্চিত করেছেন।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ০৯.০৩.২০২৪ রুবাইয়া)

**আগামী তিন বছরের জন্য রওশন এরশাদকে দলের চেয়ারপারসন নির্বাচিত করল রওশনপন্থীরা**

আগামী তিন বছরের জন্য রওশন এরশাদকে দলের চেয়ারপারসন নির্বাচিত করল রওশনপন্থী জাতীয় পার্টি। শনিবার দুপুরে ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে জাতীয় কাউন্সিলরের মাধ্যমে এই নির্বাচন করা হয়। দলের মহাসচিব নির্বাচিত হয়েছেন কাজী মামুনুর রশিদ। এছাড়া কার্যনির্বাহী চেয়ারম্যান হয়েছেন কাজী ফিরোজ রশিদ সিনিয়র কো চেয়ারম্যান সৈয়দ আবু হোসেন বাবলাকে নির্বাচিত করা হয়েছে। অন্য পাঁচজন কো চেয়ারম্যান হলেন শাহেদুর রহমান টেপা শফিকুল ইসলাম সেন্টু সাদ এরশাদ গোলাম সারোয়ার মিলন এবং সুনীল শুভ রায়। এ সময় কাউন্সিলে দেয়া বক্তব্যের রওশন এরশাদ দলকে এগিয়ে নিতে প্রতিটি নেতাকর্মীকে আরো আন্তরিকতার সাথে কাজ করার আহ্বান জানান।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ০৯.০৩.২০২৪ রুবাইয়া)

**বাংলাদেশের চিকিৎসকদের মান বিশ্বের যে-কোনো দেশের চিকিৎসকের তুলনায় কম নয়: স্বাস্থ্যমন্ত্রী**

ভারত থেকে অসংখ্য রোগী চিকিৎসা করাতে বাংলাদেশে আসছেন বলে দাবি করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ডাক্তার সামন্ত লাল সেন। তিনি বলেন, বাংলাদেশের চিকিৎসকদের মান বিশ্বের কোনো দেশের চিকিৎসকের তুলনায় কম নয়। শনিবার সকালে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ হাসপাতালে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ কথা জানান। এ সময় স্বাস্থ্যমন্ত্রী আরও বলেন ভুটান থেকে রোগী এসে আমাদের দেশের চিকিৎসা নিচ্ছে। শুধু রোগী বাইরে যাচ্ছে তা নয় বাইরে থেকেও রোগী আসছেন। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ০৯.০৩.২০২৪ রুবাইয়া)

# জাগো এফএম

## বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্টের সভা অনুষ্ঠিত

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের নিয়মিত বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শনিবার, ৯ই মার্চ গণভবনে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে প্রধানমন্ত্রী ও ট্রাস্টের চেয়ারপার্সন শেখ হাসিনা চলমান প্রকল্পগুলোর কার্যক্রম দ্রুত শেষ করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন। ট্রাস্টি বোর্ডের পরিচালনা কমিটি পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন করে এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। বৈঠকে উপ-কমিটির প্রতিবেদন-সহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়। এ সময় উপস্থিত ছিলেন, নূর-ই-আলম চৌধুরী এমপি, শেখ হেলাল উদ্দিন এমপি, ফরিদা শেখ, রাদওয়ান মুজিব সিদ্দিক, মেজর জেনারেল অবসরপ্রাপ্ত আব্দুল হাফিজ মল্লিক এমপি, রবিউল হাসান অভি ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘরের কিউরেটরসহ ট্রাস্টি সদস্যরা।

(জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৩.২০২৪ প্রতীক)

## দেশে ফিরেছেন ওবায়দুল কাদের

সিঙ্গাপুরে স্বাস্থ্য পরীক্ষা শেষে দেশে ফিরেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক, পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। শনিবার, ৯ই মার্চ সন্ধ্যা ৬টায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-০৫৮৫ ফ্লাইটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান তিনি। সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের তথ্য এবং জনসংযোগ কর্মকর্তা শেখ ওয়ালিদ ফয়েজের সই করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। ওবায়দুল কাদের স্বাস্থ্য পরীক্ষার জন্য গত ৩রা মার্চ সিঙ্গাপুরে যান। সেখানে মাউন্ট এলিজাবেথ হাসপাতালে স্বাস্থ্য পরীক্ষা করান তিনি। ২০১৯ সালের মার্চে ওবায়দুল কাদেরের হৃৎপিণ্ডে তিনটি ব্লক ধরা পড়ে। পরে তাকে সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতালে নেওয়া হয়। সেখানে তার বাইপাস সার্জারি হয়। এরপর থেকে নিয়মিত বিরতিতে সিঙ্গাপুরে গিয়ে স্বাস্থ্য পরীক্ষা করান তিনি। এর আগে গত ২৩ জানুয়ারি স্বাস্থ্য পরীক্ষার জন্য সিঙ্গাপুরে গিয়েছিলেন তিনি।

(জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৩.২০২৪ প্রতীক)

## সেবার মানসিকতা নিয়ে পুলিশকে দায়িত্ব পালনের আহ্বান স্বরাষ্ট্রমন্ত্রীর

দেশপ্রেম ও সেবার মনোভাব নিয়ে পুলিশ সদস্যদের সততার সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। তিনি বলেন, 'পুলিশ বাহিনীর প্রতিটি সদস্যের চেতনা হবে স্বাধীনতার চেতনা, বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণ। বর্তমান সরকারের রূপকল্প-২০৪১ বাস্তবায়নে অন্যতম প্রধান নিয়ামক শক্তি বাংলাদেশ পুলিশ।' পুলিশ মেমোরিয়াল ডে উপলক্ষ্যে শনিবার, ৯ই মার্চ দুপুরে পুলিশ স্টাফ কলেজের কনভেনশন হলে এক অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'শৃঙ্খলা, নিরাপত্তা, প্রগতি, আইনের শাসন প্রতিষ্ঠায় দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করে আসছে পুলিশ। জনগণের জানমালের নিরাপত্তা রক্ষায় আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করতে গিয়ে প্রতি বছরে উল্লেখযোগ্য সংখ্যক পুলিশ সদস্য নিহত ও আহত হচ্ছেন। ২০২৩ সালে চাকরিরত অবস্থায় পুলিশের বিভিন্ন পদবির ৩৯৯ জন সদস্য বিভিন্ন কারণে মৃত্যুবরণ করেন। তাদের মধ্যে ১৩৪ সদস্য কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গ করেছেন।' তাদের আত্মার মাগফেরাত কামনা করে মন্ত্রী বলেন, 'পুলিশ সদস্যরা আন্তরিকতা, কর্তব্যনিষ্ঠা, জীবন উৎসর্গ করার মতো চরম ত্যাগ স্বীকার করে যে অনন্য নজীর স্থাপন করছেন, তার জন্য সারাদেশ আজ গর্বিত।' মন্ত্রী বলেন, 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহ্বানে ১৯৭১ সালের ২৫শে মার্চ কালরাতে বীরত্বের যে পরিচয় দিয়েছেন তা কখনো জাতি ভুলবে না। কারণ সে রাতে পুলিশই প্রথম প্রতিরোধ গড়ে তুলেছিল। মুক্তিযুদ্ধে বাংলাদেশ পুলিশের ২৬২ সদস্য শহিদ হন।' দেশমাতৃকার স্বাধীনতার জন্য জীবন দেওয়া পুলিশ সদস্যদের প্রতিও শ্রদ্ধা জানান স্বরাষ্ট্রমন্ত্রী। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'দেশের অভ্যন্তরীণ নিরাপত্তা, জনগণের জানমালের নিরাপত্তা রক্ষা পুলিশ বাহিনীর অন্যতম প্রধান দায়িত্ব।' তিনি আরো বলেন, 'সরকারের উন্নয়ন রূপকল্প বাস্তবায়নে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল ও জননিরাপত্তা নিশ্চিত করা একান্ত অপরিহার্য। সরকারের রূপকল্প বাস্তবায়নে অন্যতম নিয়ামক শক্তি হিসেবে কাজ করে যাচ্ছে পুলিশ।' অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের জ্যেষ্ঠ সচিব মোঃ মোস্তাফিজুর রহমান বলেন, 'দেশের নিরাপত্তা প্রদান করতে গিয়ে পুলিশ সদস্যরা নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। একটি মৃত্যু সেই পরিবারের জন্য অনেক কষ্টের। দেশকে স্থিতিশীল ও নিরাপদ রাখতে পুলিশ সদস্যরা কাজ করছেন। মানবাধিকার সমুন্নত রেখে জনগণের জানমালের নিরাপত্তা দিয়ে যাচ্ছেন। দুষ্টের দমন শিষ্টের পালন করেছে পুলিশ।' পুলিশ মহাপরিদর্শক, আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন বলেন, '২০১৩-১৪ সালে এদেশের উন্নয়নের গতিকে অন্যদিকে ঘুরিয়ে দেওয়ার জন্য একটি চক্র বা স্বাধীনতা বিরোধী চক্র চেষ্টা করেছিল। দেশের আইনশৃঙ্খলার অবনতি ঘটিয়ে দেশকে পেছনের দিকে নিয়ে যাওয়ার ষড়যন্ত্র শুরু করেছিল। এ সময় বাংলাদেশ পুলিশ বাহিনীর সদস্যরা নিজের জীবন দিয়ে দেশের স্বাধীনতার চেতনাকে তারা টিকিয়ে রাখেন।' তিনি বলেন, 'অপরাধ দমনে পুলিশ বাহিনী এখন কার্যকর

ভূমিকা পালনে সক্ষম। এই বাহিনী দেশের মানুষের আস্থার ঠিকানা। দিনে দিনে অপরাধের ধরণ পরিবর্তনের কারণে নিত্যনতুন অপরাধের সংযোজন ঘটছে। এর সাথে তাল মিলিয়ে আমাদের সক্ষমতা বৃদ্ধির প্রয়োজন রয়েছে।' অনুষ্ঠানে অতিরিক্ত আইজিপি, প্রশাসন কামরুল আহসান বলেন, 'দেশের অভ্যন্তরীণ শৃঙ্খলা ও আইনের শাসন প্রতিষ্ঠায় পুলিশ কাজ করে যাচ্ছে। পুলিশই প্রথম স্বাধীনতার যুদ্ধে প্রতিরোধ গড়ে তুলেছিল। এরপর স্বাধীন বাংলাদেশে বিভিন্ন সময় পুলিশ সদস্যরা জীবন দিয়ে কাজ করে গেছেন।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৩.২০২৪ প্রতীক)

## রেমিট্যান্স নিয়ে বিএনপি-সহ বিরোধীরা মিথ্যাচার করছে : অর্থমন্ত্রী

রেমিট্যান্স নিয়ে বিএনপিসহ বিরোধীরা মিথ্যাচার করছেন বলে অভিযোগ করেছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। তিনি বলেন, 'প্রবাসীরা দেশে যে পরিমাণ রেমিট্যান্স পাঠান সেটা প্রতি মাসে বাড়ছে। ফেব্রুয়ারিতে ২১৬ মিলিয়ন ডলার রেমিট্যান্স এসেছে।' শনিবার, ৯ই মার্চ দিনাজপুরের খানসামা উপজেলা প্রশাসনের আয়োজনে মত বিনিময় সভা ও খানসামা সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ে দিনব্যাপী কাব স্কাউটদের হলিডে প্রোগ্রামে দেওয়া বক্তব্যে এসব কথা বলেন অর্থমন্ত্রী। মন্ত্রী আরো বলেন, `বাংলাদেশ আজ নতুন যুগ সন্ধিক্ষণে রয়েছে। এখন বিএনপির ওই ভাঙা রেকর্ড বাজিয়ে লাভ নেই। কেননা প্রধানমন্ত্রী শেখ হাসিনা সগৌরবে পঞ্চমবারের মতো সরকার গঠন করে সেটা আবার প্রমাণ করেছেন। দেশে সব মেগা প্রকল্প আজ দৃশ্যমান।, ইউএনও মোঃ তাজ উদ্দিনের সভাপতিত্বে মত বিনিময় সভায় উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সফিউল আজম চৌধুরী লায়ন, উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাইফুল ইসলাম, ভারপ্রাপ্ত কর্মকর্তা মোজাহারুল ইসলাম, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিলের সাবেক কমান্ডার মোখলেছুর রহমান, জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানবসম্পদ সম্পাদক শেখ রফিকুল ইসলাম এবং বিভিন্ন দফতরের কর্মকর্তারা। বাংলাদেশ স্কাউটস খানসামা উপজেলার আয়োজনে কাব হলিডে প্রোগ্রামে ৫৩টি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় ৪০০ কাব স্কাউট, স্কাউটার ও কর্মকর্তা অংশ নেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৩.২০২৪ প্রতীক)

## রেলসেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়া হবে : রেলমন্ত্রী

রেলমন্ত্রী মোঃ জিল্লুল হাকিম বলেছেন, 'জনগণের চাহিদা অনুযায়ী রেলকে স্বয়ংসম্পূর্ণ ও গতিশীল করে এর সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়া হবে। রেলের কাছে আমার ব্যক্তিগত চাওয়া-পাওয়ার কিছুই নেই। প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী রেলকে জনবান্ধব পরিবহনে পরিণত করে প্রতিটি জেলায় রেলসেবা পৌঁছে দেওয়ার জন্য কাজ করছি।' শনিবার, ৯ই মার্চ রেল ভবনের সভা কক্ষে বাংলাদেশ রেলওয়ের পরিচালন এবং উন্নয়ন বিষয়ক কর্মশালায় তিনি এসব কথা বলেন। রেলমন্ত্রী বলেন, 'রেলের অনেকগুলো সমস্যা রয়েছে, তার মধ্যে অন্যতম সমস্যা জনবল সংকট। জনবলের কারণে রেলে যাত্রীদের চাহিদা অনুযায়ী সেবা দেওয়া যাচ্ছে না। সৈয়দপুরসহ রেলের সব কারখানায় লোকবল কম থাকায় উৎপাদনও আশানুরূপ হচ্ছে না।' তিনি বলেন, 'লোকোমাস্টার, স্টেশন মাস্টারের অভাবে অনেকগুলো স্টেশন বন্ধ হয়ে আছে। নতুন নিয়োগের মাধ্যমে লোকবল সংকট পূরণ করার কাজ চলমান রয়েছে। আশা করি প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী আমরা নিয়োগ প্রদানের মাধ্যমে সংকট সমাধান করতে পারবো।' মন্ত্রী আরো বলেন, 'রেলের টিকিট কালোবাজারি বন্ধে আমরা বিভিন্ন পদক্ষেপ নিয়েছি। রেলের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য আমরা কাজ করে যাচ্ছি। জনগণকেও এ বিষয়ে সোচ্চার হতে হবে।' যাত্রীদের যেখানে সেখানে ময়লা-আবর্জনা না ফেলার অনুরোধ করেন তিনি। জিল্লুল হাকিম বলেন, 'কিছু রাজনৈতিক দল জনগণের মন জয় না করে, তাদের চলার পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করে তাদের প্রতিপক্ষ বানিয়ে ফেলছে। এজন্য জনগণ তাদের কাছ থেকে মুখ ফিরিয়ে নিচ্ছে। আমরা মহান স্বাধীনতা যুদ্ধের মাধ্যমে এই দেশকে পেয়েছি, তাই আমাদের সবার মনে দেশপ্রেম থাকতে হবে।' তিনি বলেন, 'দেশের সম্পদ রক্ষা করাও দেশপ্রেমের একটা অংশ। কিন্তু কিছু দুষ্কৃতকারী রেলের ওপর নাশকতা করছে, আগুন দিয়ে মানুষ পুড়িয়ে মারছে, রেললাইন কেটে দুর্ঘটনা ঘটাচ্ছে, বিভিন্নভাবে দেশের সম্পদ নষ্ট করে দেশের ক্ষতি করছে।' সাংবাদিকদের উদ্দেশে মন্ত্রী বলেন, 'সাংবাদিকরা জাতির বিবেক।' নাশকতা থেকে রেলকে রক্ষার জন্য সাংবাদিকদের সহযোগিতার অনুরোধ করেন তিনি। (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৩.২০২৪ প্রতীক)

## স্থানীয় সরকারকে শক্তিশালী হতে নিজেদের আয় বাড়াতে হবে : স্থানীয় সরকারমন্ত্রী

স্থানীয় সরকারমন্ত্রী মোঃ তাজুল ইসলাম বলেছেন, `স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোকে প্রকৃত অর্থে শক্তিশালী হতে হলে তাদের আয়বর্ধন করতে হবে এবং সেখান থেকে নিজস্ব ব্যয় নিজেদের বহন করতে হবে। স্থানীয় উৎস থেকে অর্থ আহরণ করতে হবে।, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ষষ্ঠ নির্বাচিত পরিষদের তৃতীয় বর্ষপূর্তি উপলক্ষ্যে শনিবার, ৯ই মার্চ দুপুরে আয়োজিত সুধী সমাবেশে এ কথা বলেন মন্ত্রী। নগরীর পাঁচলাইশে কিং অব চিটাগাং ক্লাবে এ সমাবেশের আয়োজন করা হয়। তাজুল ইসলাম বলেন, `স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর সেবায় নাগরিক আশ্বস্ত হলে টাকা দিতে দ্বিধাবোধ করবেন না। বেনিফিট পেলে আপনি যখন রেভিনিউ চার্জ করবেন, তখন তিনি দ্বিমত করবেন না।' তিনি বলেন, `আমাদের মধ্যে স্থানীয় সরকার শক্তিশালী করা নিয়ে ভুল অর্থ ও ব্যাখ্যা দেওয়া হয়। এমনভাবে ব্যাখ্যা করা হয় যে, স্থানীয় সরকার শক্তিশালী করার অর্থ হচ্ছে কেন্দ্রীয় সরকার বেশি টাকা বরাদ্দ দেবে। এটা কোনোভাবেই নয়।

প্রকল্প অনুমোদন এবং অর্থ বরাদ্দ দেবে সরকার। কিন্তু কেন্দ্রীয় সরকার এসে সেটা বাস্তবায়ন করে দেবে না। সেটা বাস্তবায়ন ও সুফল ভোগের উপযোগী করার দায়িত্ব স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে নিতে হবে।' এসময় কাজের মান এবং স্বচ্ছতা নিশ্চিতে চসিককে সব সড়কের ডিজিটাল নথি নম্বর নির্ধারণের তাগিদ দেন মন্ত্রী। মন্ত্রী বলেন, `আমরা সিদ্ধান্ত নিয়েছি, প্রতিটি রাস্তার আইডি নম্বর থাকতে হবে। তাহলে আমার অফিস আপডেট থাকবে যে, এ রাস্তা কতদিন আগে নির্মাণ করা হয়েছে এবং আবার কতদিন পরে নির্মাণ করতে হবে। তাহলে এ সুবিধাটা হবে যে, বাজেটের ব্যবস্থাটা রাখতে পারবেন, একই রাস্তা বারবার নির্মাণ করার সুযোগ থাকবে না, কোনোভাবে ডিমলিউশনের সুযোগ থাকবে না এবং মেলপ্র্যাকটিস বন্ধ হবে।, এসময় চট্টগ্রাম নগরের নিউমার্কেট, ইপিজেড ও বহদ্দারহাটে আন্ডারপাস নির্মাণের জন্য প্রিলিমিনারি স্টাডি করে মন্ত্রণালয়ে প্রতিবেদনসহ প্রকল্প প্রস্তাবনা দাখিলের নির্দেশ দেন স্থানীয় সরকার মন্ত্রী। সমাবেশে সভাপতির বক্তব্যে চসিক মেয়র রেজাউল করিম চৌধুরী বলেন, `বিগত সময়ে চেয়ে আমরা ২৫ কোটি টাকা বেশি হোল্ডিং ট্যাক্স এবার আদায় করেছি। আড়াই হাজার কোটি টাকার প্রকল্প আমরা পেয়েছি, এটা প্রধানমন্ত্রীকে স্থানীয় সরকারমন্ত্রী বোঝাতে সক্ষম হয়েছেন বলেই পেয়েছি।, তিনি বলেন, `চট্টগ্রামের কোনো সমস্যা নিয়ে আমরা গেলে স্থানীয় সরকারমন্ত্রী নিরাশ করেন না। চট্টগ্রামের সব সমস্যা সম্পর্কে তিনি অবগত আছেন।, চসিকের সাবেক মেয়র মাহমুদুল ইসলাম চৌধুরী বলেন, `চট্টগ্রাম সিটি কর্পোরেশনের গৌরবোজ্জ্বল ইতিহাস আছে। একটা সময় সিটি কর্পোরেশনে অফিশিয়াল কাউন্সিলর ছিল। এ অফিশিয়াল কাউন্সিলর হতো বন্দরের চেয়ারম্যান, ওয়াসার চেয়ারম্যান, সিডিএর চেয়ারম্যানসহ বিভিন্ন সরকারি সংস্থার প্রধান কর্মকর্তারা। তাদের সিটি কর্পোরেশনের কাছে জবাবদিহি করতে হতো। বিএনপি সরকার ১৯৯১ সালে ক্ষমতায় এসে সেটা বিলুপ্ত করে দেয়। আমার দাবি, আবারো সে অফিশিয়াল কাউন্সিলর ব্যবস্থা চালু করা হোক।, সমাবেশে আরো বক্তব্য রাখেন সংসদ সদস্য এম আবদুল লতিফ, আব্দুস ছালাম ও মহিউদ্দিন বাচ্চু, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ শের আলী, বাংলাদেশে নিযুক্ত ভারতের সহকারী হাইকমিশনার রাজীব রঞ্জন, চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মোঃ তৌহিদুল ইসলাম, প্যানেল মেয়র আফরোজা কালাম, মোঃ গিয়াস উদ্দিন ও আবদুস সবুর লিটন এবং নগর পরিকল্পনাবিদ দেলোয়ার মজুমদার।

(জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৩.২০২৪ প্রতীক)

## বাংলাদেশের সঙ্গে সম্পর্ক জোরদার করতে চায় আমিরাত

সংযুক্ত আরব আমিরাতের পররাষ্ট্রমন্ত্রী শেখ আবদুল্লাহ বিন জায়েদ আল নাহিয়ান বাংলাদেশের সঙ্গে বিদ্যমান সম্পর্ককে অংশীদারিত্বে রূপান্তরে জোর দিয়েছেন। আমিরাতের আল আইন শহরে তার রাজকীয় প্রাসাদে স্থানীয় সময় শুক্রবার সন্ধ্যায় বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে মন্ত্রী শেখ আবদুল্লাহ বাংলাদেশের সঙ্গে অর্থনৈতিক অংশীদারিত্বের জন্য কম্প্রিহেনসিভ ইকোনমিক পার্টনারশিপ এগ্রিমেন্ট, সিইপিএ স্বাক্ষর ও জয়েন্ট বিজনেস কাউন্সিল, জেবিসি সক্রিয় করার প্রয়োজন উল্লেখ করে এ গুরুত্বারোপ করেন। বৈঠকের শুরুতে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ দুই দেশের কূটনৈতিক সম্পর্কের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রপতিকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমন্ত্রণপত্র হস্তান্তর করেন। এসময় তিনি বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাতের জাতির পিতার প্রতিষ্ঠিত দুই ভ্রাতৃপ্রতিম দেশের ঐতিহাসিক বন্ধনের কথা স্মরণ করে গত পাঁচ দশকে সংযুক্ত আরব আমিরাতের অভূতপূর্ব অগ্রগতির জন্য সংযুক্ত আরব আমিরাতের নেতৃত্বের প্রশংসা করেন এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের অসামান্য অর্জনগুলো তুলে ধরেন। উভয় মন্ত্রী বিদ্যমান দ্বিপাক্ষিক সহযোগিতার পুরো বিষয় পর্যালোচনাকালে জ্বালানি নিরাপত্তা, খাদ্য নিরাপত্তা, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন, নবায়নযোগ্য জ্বালানি, জনগণের মধ্যে যোগাযোগ, দ্বিপাক্ষিক বাণিজ্য বৃদ্ধিসহ নতুন উদীয়মান ক্ষেত্র খোঁজার ওপর জোর দেন। পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বাংলাদেশে সংযুক্ত আরব আমিরাতের বিনিয়োগ বৃদ্ধি করতে মাতারবাড়ি এক্সক্লুসিভ ইকোনমিক জোন, বন্দর ও লজিস্টিক ব্যবস্থাপনা, চট্টগ্রামে হাছান মাহমুদের নিজ এলাকা রাঙ্গুনিয়ায় আধুনিক সংযুক্ত আরব আমিরাতের প্রতিষ্ঠাতা শেখ জায়েদ ইবনে সুলতান আল নাহিয়ানকে উপহার দেওয়া জমির উন্নয়নে সংযুক্ত আরব আমিরাত সরকার এবং ব্যবসায়ীদের জন্য সম্ভাব্য বিনিয়োগ প্রস্তাব তুলে ধরলে সংযুক্ত আরব আমিরাতের পররাষ্ট্রমন্ত্রী চলমান বিনিয়োগ ও অর্থনৈতিক বিষয়গুলো এগিয়ে নেওয়ার আগ্রহ প্রকাশ করেন। দুই নেতা রোহিঙ্গা প্রত্যাবাসন এবং চলমান গাজা যুদ্ধ বন্ধের উদ্যোগসহ নানান আঞ্চলিক বিষয়ে মত বিনিময় করেন। সংযুক্ত আরব আমিরাতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ আবু জাফর এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের পশ্চিম এশিয়া শাখার মহাপরিচালক মোঃ শফিকুর রহমান বৈঠকে উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৩.২০২৪ প্রতীক)

## সংরক্ষিত নারী আসনের সংখ্যা আরো বৃদ্ধি পাবে : ডেপুটি স্পিকার

জাতীয় সংসদের ডেপুটি স্পিকার শামসুল হক টুকু বলেন, 'নারী ক্ষমতার উন্নয়নে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নানাবিধ কাজ করে গেছেন। স্বাধীনতার পরপরই তিনি সংসদে সংরক্ষিত নারী আসন প্রণয়ন করছিলেন। এখন সংসদে ৫০টি সংরক্ষিত নারী আসন রয়েছে, যার সংখ্যা ভবিষ্যতে ধীরে ধীরে বৃদ্ধি পাবে।' শনিবার, ৯ই মার্চ জাতীয় প্রেস ক্লাবে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে এক সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। টুকু বলেন, 'যুদ্ধবিধ্বস্ত

দেশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সবার জন্য প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে শিক্ষা কমিশন গঠন করেছিলেন। এতে করে ছেলে এবং মেয়ে উভয়ই শিক্ষিত হয়ে উঠবে। কারণ বঙ্গবন্ধু একটি সমৃদ্ধ জাতি তৈরি করতে চেয়েছিলেন।' তিনি বলেন, '৭৫-এর পর শেখ হাসিনা যখন ক্ষমতায় এলেন তখন একেবারে ইউনিয়ন লেভেল পর্যন্ত নারীদের এগিয়ে নিয়ে যাওয়া এবং নেতৃত্ব দেওয়ার কাজ করেছেন। তাছাড়া শিক্ষানীতি প্রণয়ন করতে গিয়ে স্বাধীনতা বিরোধী চক্ররা যখন তৎপর হয়ে ওঠে তখন সরকারের জন্য তা একটি চ্যালেঞ্জ হয়ে দাঁড়ায়। তবে এই চ্যালেঞ্জ শুধু সরকারকেই নয়, অভিভাবকদেরও তা মোকাবিলা করতে এগিয়ে আসতে হবে।' সভায় উপস্থিত ছিলেন হুইপ সানজিদা খানম, ইউএন রেসিডেন্ট কো-অর্ডিনেটর গোয়েন লুইস, প্রেস ক্লাবের সভাপতি ফরিদা ইয়াসমিন।
(জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৩.২০২৪ প্রতীক)

## হুন্ডি রোধে জনমত গড়তে সহযোগিতা চাইলেন অর্থ প্রতিমন্ত্রী

চলমান ডলার সংকটের অন্যতম কারণ হুন্ডি উল্লেখ করে হুন্ডি রোধে জনমত গড়তে সাংবাদিকদের সহযোগিতা চাইলেন অর্থ প্রতিমন্ত্রী ওয়াসিকা আয়শা খান। শনিবার, ৯ই মার্চ সকাল ১০টায় চট্টগ্রাম সার্কিট হাউজে সাংবাদিকদের সঙ্গে মত বিনিময়কালে তিনি এ সহযোগিতা চান। এসময় তিনি সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন। প্রতিমন্ত্রী বলেন, 'একটি অবাধ সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচনের মধ্যে দ্বাদশ সংসদ নির্বাচনে জয়ী হয়ে সফল প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ টানা চতুর্থবারের মতো সরকার গঠন করেছে। এ নির্বাচন আন্তর্জাতিক ভাবেও প্রশংসিত হয়েছে। শেখ হাসিনা শুধু স্বপ্ন দেখান না, স্বপ্ন বাস্তবায়নেও নেতৃত্ব দিয়ে আসছেন। ২০০৯ সাল থেকে ২০২৪ সালের চিত্রই তার প্রমাণ।' তিনি বলেন, 'বৈশ্বিক সংকটের মধ্যেও বাংলাদেশে খাদ্য নিরাপত্তা অব্যাহত রয়েছে। প্রধানমন্ত্রীর দূরদর্শী চিন্তা-চেতনা নিয়েই দেশ চালাচ্ছেন। বর্তমান বৈশ্বিক সংকটের বিষয়ে তিনি আগে থেকেই বলে আসছিলেন, আপনারা উৎপাদন বাড়ান, সাশ্রয়ী হন। শেখ হাসিনার নেতৃত্বে দেশে গত দেড় দশকে যোগাযোগ খাতে বৈপ্লবিক অগ্রগতি হয়েছে। বঙ্গবন্ধু টানেল তার প্রকৃষ্ট উদাহরণ।' প্রতিমন্ত্রী বলেন, 'দেশে সাড়ে ৮ লাখ ভূমিহীন ও গৃহহীন পরিবারকে পুনর্বাসন করা হয়েছে। দক্ষিণ চট্টগ্রামে যাদের জমি ছিল, ঘর ছিল না, সেরকম ১১০টি পরিবারকে ঘর দেওয়া হয়েছে।' তিনি বলেন, 'বিগত ২০২০ সালে কোভিড পরিস্থিতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা অগ্রভাগে থেকে সামাল দিয়েছেন। অনেক উন্নত দেশের আগেই বাংলাদেশ বিনামূল্যে কোভিড টিকা পেয়েছে। এখন চতুর্থ ডোজ দেওয়া শুরু হয়েছে। যা অনেক উন্নত দেশেও সম্ভব হয়নি। এখন থেকে সুদক্ষ মানবসম্পদ গড়ে তোলার পদক্ষেপ নেওয়া হয়েছে। বিগত নির্বাচনের ইশতেহারে এটিকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। বিশেষ করে চারটি স্তরে মেধা ও প্রযুক্তিনির্ভর একটি স্মার্ট বাংলাদেশ তথা স্মার্ট নাগরিক, স্মার্ট অর্থনীতি, স্মার্ট রাষ্ট্র এবং স্মার্ট সমাজব্যবস্থা গড়ে তোলার কথা রয়েছে ইশতেহারে।' প্রতিমন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্ব বাংলাদেশ অনেক চ্যালেঞ্জ মোকাবিলা করে দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছে। বিগত সময়গুলোতে দেশের অভ্যন্তরে বাদেও আন্তর্জাতিকভাবে চ্যালেঞ্জ এসেছিল। এসব চ্যালেঞ্জ অনেক দক্ষতার সঙ্গে মোকাবিলা করা হয়েছে। অনেক বন্ধুর পথ আমরা একত্রে অতিক্রম করেছি। সামনেও অনেক বন্ধুর পথ আসতে পারে। এখন আমরা সবাই একটি গ্লোবাল ভিলেজের মধ্যে বাস করছি। পুরো বিশ্বই সেই ভিলেজের অংশ। শেখ হাসিনা দায়িত্ব দিয়েছেন। তার সঙ্গে সাহস নিয়ে বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে কাজ করে যাবো।' অর্থ প্রতিমন্ত্রী নতুন দায়িত্ব সঠিকভাবে পালনে সাংবাদিকদের সহযোগিতা ও পরামর্শ চান।
(জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৩.২০২৪ প্রতীক)

## অবাধ ও শান্তিপূর্ণভাবে ভোট গ্রহণ শেষ হয়েছে : সিইসি

ময়মনসিংহ ও কুমিল্লা সিটি কর্পোরেশনসহ সারাদেশে ২৩১টি স্থানে নির্বাচনের ভোট গ্রহণ অবাধ ও শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার, সিইসি কাজী হাবিবুল আওয়াল। শনিবার, ৯ই মার্চ বিকেলে আগারগাঁওয়ে নির্বাচন ভবনে গণমাধ্যমের সঙ্গে আলাপকালে তিনি এ তথ্য জানান। প্রধান নির্বাচন কমিশনার বলেন, '২৩১টি নির্বাচনে ভোট গ্রহণ সম্পন্ন হয়েছে। কিছু কিছু জায়গায় দুই-চারটি অপ্রীতিকর ঘটনা ঘটেছে। ১৮টি অপ্রীতিকর ঘটনায় ৫৩ জনকে গ্রেফতার করা হয়েছে।' তিনি বলেন, কুমিল্লায় উল্লেখযোগ্য দুই-একটি ঘটনা ঘটেছে। আমরা নির্বাচনটা ম্যানেজ করার জন্য নির্বাচন কমিশনারদের দায়িত্ব বণ্টন করে দিয়েছি।' কুমিল্লা সিটি নির্বাচনে স্বতন্ত্র মেয়র প্রার্থীর সমর্থককে গুলির অভিযোগ বিষয়ে সিইসি বলেন, 'আমাদের দৃষ্টিতে নির্বাচন অবাধ, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ হয়েছে। এমন কোনো অভিযোগ আমরা এখনো পাইনি যে, কোথাও প্রভাব খাটানো বা হস্তক্ষেপ করা হয়েছে। কেন্দ্রের বাইরে গোলাগুলি হয়েছে। তবে কেন্দ্রের ভেতরে ভোট প্রভাবিত হয়নি।' নির্বাচন কমিশনার মো. আনিছুর রহমান বলেন, 'প্রত্যেক প্রার্থীই কম বেশি শক্তি প্রয়োগ করেছে। ভোট কেন্দ্রে যাওয়ার ক্ষেত্রে বাধা দেওয়ার ঘটনা ঘটেছে। যারা এই কাজটি করেছে তাদের গ্রেফতারের জন্য আমরা বলেছি। আইনশৃঙ্খলা বাহিনী পরিস্থিতি নিয়ন্ত্রণে নিয়েছে। কোনো অভিযোগ পাইনি। কুমিল্লায় বিকেল ৩টা পর্যন্ত ৩৫ শতাংশের মতো ভোট পড়েছে।' নির্বাচন কমিশনার মোঃ আলমগীর বলেন, 'বিকেল সাড়ে তিনটা পর্যন্ত ময়মনসিংহ সিটিতে ৪৯ শতাংশ ভোট পড়েছে। বিকেল ৪টার পরও সেখানে একটা কেন্দ্রে ভোট গ্রহণ হয়েছে।' নির্বাচনের সার্বিক পরিবেশ নিয়ে এক প্রশ্নের জবাবে তিনি বলেন, 'আমরা

শান্তিপূর্ণ ও সুষ্ঠু ভোট চেয়েছিলাম। ভোট কেন্দ্রের বাইরে যে ঘটনা ঘটেছে বাংলাদেশের প্রেক্ষাপটে এটা হয়। সার্বিকভাবে আমরা বলতে পারি ভোট শান্তিপূর্ণ হয়েছে।' বরগুনার আমলতীতে ৬০ শতাংশের মতো, পটুয়াখালীতে ৫০ শতাংশের বেশি ভোট পড়েছে জানিয়ে নির্বাচন কমিশনার মোঃ আহসান হাবিব খান বলেন, 'শান্তিপূর্ণভাবে নির্বাচন হয়েছে। প্রত্যাশিত সুন্দর, অবাধ ও সুষ্ঠু নির্বাচন হয়েছে। কোথাও কোনো কিছু বন্ধ হয়নি।'
(জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৩.২০২৪ প্রতীক)

## সাক্কুকে হারিয়ে মেয়র হলেন তাহসিন বাহার

কুমিল্লা সিটি কর্পোরেশনের উপ-নির্বাচনে ২১ হাজার ৯৯৩ ভোটের ব্যবধানে জয়ী হয়েছেন মহানগর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক তাহসিন বাহার। তার নির্বাচনি প্রতীক ছিল বাস। শনিবার, ৯ই মার্চ সন্ধ্যা ৭টা ২০ মিনিটে রিটার্নিং কর্মকর্তা ফরহাদ হোসেন ভোট গণনা শেষে কুমিল্লা জেলা স্কুল মিলনায়তনে বিজয়ী প্রার্থীর নাম ঘোষণা করেন। তিনি বলেন, 'নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষ হয়েছে। ভোটাররা কেন্দ্রে গিয়ে শান্তিপূর্ণভাবে পছন্দের প্রার্থীকে ভোট দিয়েছেন। নির্বাচনে তাহসিন বাহার পেয়েছেন ৪৮ হাজার ৮৯০ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী প্রার্থী মনিরুল হক সাক্কু পেয়েছেন ২৬ হাজার ৮৯৭ ভোট। এর আগে সকাল ৮টা থেকে ভোট গ্রহণ শুরু হয়ে চলে বিকেল ৪টা পর্যন্ত। ১০৫টি কেন্দ্রের ৬৪০ কক্ষে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। নির্বাচনে চারজন প্রার্থী অংশ নেন। অন্য দুই প্রার্থী হলেন কুমিল্লা মহানগর আওয়ামী লীগের উপদেষ্টা নূর উর রহমান মাহমুদ তানিম, হাতি প্রতীক ও সাবেক স্বেচ্ছাসেবক দল নেতা নিজাম উদ্দিন কায়সার, ঘোড়া প্রতীক। কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচনে মোট ভোটার দুই লাখ ৪২ হাজার ৪৫৮ জন। ভোট পড়েছে ৩৮ দশমিক ৮২ শতাংশ। (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৩.২০২৪ প্রতীক)

## দেশে গত ২৪ ঘণ্টায় ৩৫ জনের দেহে করোনা ভাইরাস শনাক্ত

দেশে গত ২৪ ঘণ্টায় ৩৫ জনের দেহে করোনা ভাইরাস শনাক্ত হয়েছে। এ নিয়ে মোট আক্রান্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৮ হাজার ৮৮২ জনে। এ সময়ে করোনায় আক্রান্ত হয়ে কারো মৃত্যু হয়নি। ফলে মোট মৃত্যুর সংখ্যা ২৯ হাজার ৪৯২ জনে অবস্থান করছে। শনিবার, ৯ই মার্চ স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, ২৪ ঘণ্টায় করোনা থেকে সুস্থ হয়েছেন ৪৫ জন। এ পর্যন্ত সুস্থ হয়েছেন ২০ লাখ ১৫ হাজার ৮৬৫ জন। গত ২৪ ঘণ্টায় পরীক্ষা করা হয় ৬৫৫ জনের নমুনা। পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৫ দশমিক ৩৪ শতাংশ। মহামারির শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক শূন্য ৮ শতাংশ। (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০৩.২০২৪ প্রতীক)

# BBC

### GAZA AID SHIP EXPECTED TO SET SAIL FROM CYPRUS

A ship carrying desperately needed humanitarian aid is expected to set sail this weekend, bound for Gaza. The Spanish vessel, Open Arms, is scheduled to deport from Cyprus - the closest EU county to Gaza - and hopes to use a newly opened shipping route. With no functioning port and shallow waters, it is still unclear where the ship will dock when it reaches Gaza. The UN says a quarter of the Strip's population is on the brink of famine and children are starving to death. The ship, expected to reach Gaza in the next few days, belongs to the Spanish charity of the same name, Open Arms.
(BBC Web Page: 09/03/24, FARUK)

### US LAWMAKERS VOTE TO AVERT GOVERNMENT SHUTDOWN

US lawmakers have passed a government spending package shortly before a midnight deadline, averting a partial government shutdown. The Senate passed six bills totalling $459bn which funds nearly 30% of the government. It faced opposition, however, from some Republicans who argued the measure did not do enough to cut federal spending. Republicans also wanted the bills to include stronger measures to address immigration at the southern border. The set of compromise bills passed the Senate by a vote of 75-22 on Friday, following hours of last-minute debate. (BBC Web Page: 09/03/24, FARUK)

### TEAR GAS AND SURVEILLANCE ON COAST AS CHANNEL MIGRANT DEATHS RISE

French police have expressed alarm about a sharp rise in the number of deaths among people trying to cross the Channel in small boats. Already this year nine people have drowned attempting the journey, compared with 12 for the whole of 2023. The latest to die was a seven-year-old Iraqi girl, one week ago, when a smuggler's boat capsized on a French canal. But a sharp debate is also emerging over how to explain, and who to blame, for the rising death toll. French police say increasingly smuggling gangs are forcing migrants, year-round, into ever more crowded and unseaworthy boats.
(BBC Web Page: 09/03/24, FARUK)

**SWEDEN AND CANADA RESUME AID TO UN GAZA AGENCY**

Sweden and Canada have said they will resume aid payments to UNRWA, the UN agency for Palestinian refugees. They were among 16 countries that paused funds after Israel accused at least 12 UNRWA staff of involvement in the 7 October attack by Hamas. The UN is investigating, and France's foreign minister is leading a review. Sweden said on Saturday that it would send 200 million kronor initially, after UNRWA agreed to more checks on its spending and staff. The government has allocated 400 million kronor to UNRWA for the year 2024. (BBC Web Page: 09/03/24, FARUK)

**AT LEAST 28 NIGERIAN SCHOOLCHILDREN ESCAPE CAPTORS**

At least 28 of the nearly 300 schoolchildren kidnapped by gunmen have escaped, Nigeria's Kaduna state governor has told BBC News. Nigeria's army is leading a desperate search for the children taken in the northern town of Kuriga on Thursday. Troops are working with police and local search teams to comb the forests within Kaduna and neighbouring states. The kidnapping is the biggest mass abduction from a school since 2021. Gangs of motorcycle-riding armed men took nearly 300 primary and secondary school children between the ages of eight and 15, school authorities and parents said.

(BBC Web Page: 09/03/24, FARUK)

**US SAYS UFO SIGHTINGS LIKELY SECRET MILITARY TESTS**

A spike in UFO sightings in the 1950s and 60s was caused by tests of advanced US spy planes and space technology, a Pentagon report has concluded. Officials also said there was "no evidence" that the US government had encountered alien life. Most sightings of UFOs were ordinary objects from Earth, according to the report submitted to Congress on Friday. But Pentagon officials accepted that their research won't quell popular beliefs about alien visitors. (BBC Web Page: 09/03/24, FARUK)

**EARLY INDICATIONS IRISH REFERENDUMS COULD BE LOST**

Counting is continuing after two referendums were held on family and care in the Republic of Ireland. Early indications show that both referendums could be defeated. The votes, held on International Women's Day, sought views on amending two parts of the Irish constitution. One change could alter the definition of family to include those not based on marriage, while the other could remove reference to women in the home.

(BBC Web Page: 09/03/24, FARUK)

**EX-REBEL PHILIPPE CALLS FOR HAITI PM TO RESIGN**

Guy Philippe, a leader of the 2004 Haitian coup, has joined calls for Prime Minister Ariel Henry to resign. Philippe, who returned to Haiti last year after serving a prison sentence in the US, told Reuters news agency that he wants to be president. Haiti's capital has been paralyzed by gang violence recently, and it escalated dramatically when Mr Henry left for a regional summit last week. A state of emergency has been extended by a month in Port-au-Prince. Philippe, who was deported back to Haiti in November after serving six years of a prison sentence for conspiracy to launder drug money, said Mr Henry should resign and "let Haitians decide their fate." (BBC Web Page: 09/03/24, FARUK)

# :: The End ::